নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল

সোমবার
রেজিঃ নং-চ-৫১৩
৯ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৯৭
২৪ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জমাঃ আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

জাতীয় সমবায় দিবস উদযাপনে শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি বলেন

মাল্টিপারপাস সমিতিগুলো সাধারণ মানুষকে নিঃস্ব করে দিচ্ছেন



চাঁদপুরে ৫৫তম জাতীয় সমবায় দিবস উদযাপনে বর্ণাঢ্য র‍্যালি।

স্টাফ রিপোর্টার

"করবো সমবায় গড়বো দেশ, সবার জন্য বাংলাদেশ" এ প্রতিপাদ্যকে ধারণ করে সারা দেশের ন্যায় চাঁদপুরেও যথাযোগ্য মর্যাদায় ৫৫তম জাতীয় সমবায় দিবস উদযাপিত হয়েছে। গতকাল রোববার (৮ নভেম্বর) সকাল ১০টায় শহরের জেএম সেনগুপ্ত রোডস্থ মনিরা ভবনের সামনে থেকে প্রধান অতিথি চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিকের নেতৃত্বে বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা শিল্পকলা একাডেমিতে গিয়ে শেষ হয়।

পরে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক। তিনি তার বক্তব্যে বলেন, বাংলাদেশের যতগুলো দপ্তর আছে এর মধ্যে উল্লেখযোগ্য একটি হল সমবায়। প্রধানমন্ত্রী তারেক রহমান উদ্যোক্তাদের কথা চিন্তা করেন। উদ্যোক্তারা যেন ব্যবসা করতে পারেন।

তিনি আরো বলেন, মাল্টিপারপাস সমিতিগুলো ৫০% ইন্টারেস্ট নিচ্ছে, এরা সরকারের তালিকাভুক্ত কোন সমিতি নয়। তারা সাধারণ মানুষকে নিঃস্ব করে দিচ্ছেন, এমনকি জমিও হাতিয়ে নিচ্ছেন। এরা যদি সরকারি তালিকাভুক্ত না হয় তাহলে এদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।

তিনি বলেন, আমাদের দেশে প্রায় সাড়ে তিন কোটি কৃষক। কৃষি লোন যাদের প্রয়োজন তাদেরকে আমি লোনের জন্য সহযোগিতা করে দেব।

চাঁদপুরে একটি চান্দ্রা সমিতি আছে যারা মানুষের কাছ থেকে টাকা না পেলে মামলা করে দেয়। অধিক মূল্যের মুনাফা আদায় করে। এদের বিরুদ্ধে সমবায়ের নিয়ম না মানলে আপনারা ব্যবস্থা গ্রহণ করবেন।

চাঁদপুর জেলা সমবায় কর্মকর্তা শাহাব উদ্দীনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান, সিভিল সার্জন ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে নিখোঁজের পর পুকুরে মিলল শিশুর মরদেহ

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে নিখোঁজ হওয়ার দীর্ঘ ১৮ ঘণ্টা পর বাড়ির পাশের পুকুর থেকে ইয়াছিন হোসেন (৪) নামের এক শিশুর ভাসমান মরদেহ উদ্ধার করেছে এলাকাবাসী। খেলতে গিয়ে অসাবধানতাবশত পানিতে পড়ে তার এই মর্মান্তিক মৃত্যু হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

রবিবার (৮ নভেম্বর) সকাল আনুমানিক ছয়টার দিকে উপজেলার রূপসা উত্তর ইউনিয়নের বদরপুর গ্রামের হাজী বাড়ির একটি পুকুর থেকে শিশুটির মরদেহ উদ্ধার করা হয়। নিহত ইয়াছিন ওই গ্রামের দিনমজুর জিতুর ছেলে।

নিহতের পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, গত শনিবার (৭ নভেম্বর) দুপুর ১২টার পর থেকেই শিশু ইয়াছিন নিখোঁজ ছিল। পরিবারের সদস্যরা ও আত্মীয়-স্বজনরা আশপাশের সম্ভাব্য সব জায়গায় অনেক খোঁজাখুঁজি করেও তার কোনো সন্ধান পাননি। শেষ পর্যন্ত কোনো উপায় না পেয়ে শনিবার রাতেই ফরিদগঞ্জ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেন শিশুর বাবা জিতু। অবশেষে নিখোঁজের প্রায় ১৮ ঘণ্টা পর ● ২-এর পাতায় দেখুন


উদ্ধারকৃত স্বর্ণালঙ্কার ও আটককৃত ৩ ছিনতাইকারী।

চাঁদপুর ছিনতাই হওয়া স্বর্ণালঙ্কার ও নগদ টাকা উদ্ধার, আটক ৩

স্টাফ রিপোর্টার

একটি বিয়ের অনুষ্ঠানে যোগ দিতে পরিবারের সদস্যদের নিয়ে চট্টগ্রামে যাচ্ছিলেন ফাতেমা আক্তার। চট্টগ্রামগামী মেঘনা এক্সপ্রেস ট্রেনে যাওয়ার জন্য গত বৃহস্পতিবার ভোরে চাঁদপুর রেলস্টেশনে যান তিনি। ছিনতাইয়ের শঙ্কায় স্বজনদের সব স্বর্ণালংকার ও টাকাপয়সা একটি ভ্যানিটি ব্যাগে রেখেছিলেন ফাতেমা। রেলস্টেশন থেকে সেই ব্যাগ ছিনিয়ে নিয়ে যায় দুর্বৃত্তরা। এ ঘটনায় মামলা করার পর চাঁদপুর ও কিশোরগঞ্জ জেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। পরে তাঁদের দেওয়া তথ্যের ভিত্তিতে ডাকাতিয়া নদীর একটি পন্টুনের সুড়ঙ্গের ভেতর থেকে ছিনতাই হওয়া ১৮ ভরি স্বর্ণালংকার, ৪৮ হাজার টাকা ও একটি মুঠোফোন উদ্ধার করা হয়েছে। ওই নারীর ব্যাগে ১৯ ভরি স্বর্ণালংকার, ১ লাখ ২৫ হাজার টাকা ও তিনটি মুঠোফোন ছিল। ছিনতাইয়ের ভয়ে সব একত্র করে একটি ভ্যানিটি ব্যাগে রেখেছিলেন। পুলিশ ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর লঞ্চ টার্মিনালে প্রকাশ্য 'মস্তানি' : সরকারি টোল না দিয়ে আদায়কারীদের মারধরের হুমকি!


স্টাফ রিপোর্টার

চাঁদপুর বিআইডব্লিউটিএ (ইওডএঃঅ) লঞ্চ টার্মিনালে গত ১ জুলাই থেকে কার্যকর হওয়া সিএনজি ও অটো রিকশার সরকারি নির্ধারিত ২০ টাকা টোল আদায়ে চরম অচলাবস্থা সৃষ্টি হয়েছে।

স্থানীয় একশ্রেণীর প্রভাবশালী মহলের ক্ষমতার দাপটে চালকেরা সরকারি এই ফি দিতে অস্বীকৃতি জানাচ্ছে। শুধু তাই নয়, টোল চাইতে গেলে আদায়কারীদের প্রকাশ্য হুমকি-ধমকি ও মারধরের শিকার হতে হচ্ছে বলে অভিযোগ উঠেছে।

অনুসন্ধানে জানা যায়, চাঁদপুর লঞ্চ টার্মিনাল থেকে প্রতিদিন প্রায় ২০ থেকে ২৫টি লঞ্চ ঢাকার উদ্দেশ্যে ছেড়ে যায় এবং সমপরিমাণ লঞ্চ দেশের বিভিন্ন প্রান্ত থেকে এসে এখানে ভেড়ে। এই বিপুল সংখ্যক যাত্রী পারাপারের জন্য প্রতিদিন টার্মিনাল এলাকায় ১ হাজারেরও বেশি সিএনজি অটোরিকশা ও ব্যাটারিচালিত অটো রিকশার সমাগম ঘটে। সরেজমিনে টোল আদায়কারীদের সাথে কথা বলতে গেলে প্রথমে তারা বন্দর পরিদর্শকের অনুমতি ছাড়া ক্যামেরার সামনে ● ২-এর পাতায় দেখুন


দেশের শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে মহামান্য রাষ্ট্রপতির কাছ থেকে চেক গ্রহণ করছেন চাঁদপুর চান্দ্রা শিক্ষিত বেকার যুব বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি মোঃ জসিম উদ্দিন।

সমবায় খাতে অনন্য অবদানের স্বীকৃতি

দেশের শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে জসীম উদ্দীনের জাতীয় সমবায় পদক অর্জন

স্টাফ রিপোর্টার

৫৫তম জাতীয় সমবায় দিবসে দেশের শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে জাতীয় সমবায় পুরস্কার-২০২৫ অর্জন করেছেন চাঁদপুর চান্দ্রা শিক্ষিত বেকার যুব বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি মোঃ জসিম উদ্দিন। রোববার (৮ নভেম্বর) সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ৫৫তম জাতীয় সমবায় দিবস-২০২৬ উপলক্ষে আয়োজিত বর্ণাঢ্য অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে পুলিশের অভিযানে গ্রেপ্তার ৪৪, আটক ২৫ কিশোর

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে পুলিশের বিশেষ অভিযানে ২৪ ঘণ্টায় ৪৪ জন আসামিকে গ্রেপ্তার এবং ২৫ জন কিশোর গ্যাং সদস্যকে আটক করা হয়েছে। এ সময় পৃথক মাদকবিরোধী অভিযানে ৬০ গ্রাম গাঁজা ও ৪ পিস ইয়াবা উদ্ধার করেছে পুলিশ। শনিবার (৭ নভেম্বর) জেলার বিভিন্ন থানা এলাকায় এসব অভিযান পরিচালনা করা হয়। পুলিশ সুপার (এসপি) মো. মিজানুর রহমানের নির্দেশনায় অপরাধ দমন ও জননিরাপত্তা নিশ্চিত করতে জেলার সব থানা পুলিশ এ কার্যক্রমে অংশ নেয়। রবিবার (৮ নভেম্বর) সকালে পুলিশ সুপার কার্যালয়ের মিডিয়া সেল থেকে এসব তথ্য নিশ্চিত করা হয়। পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে পরিচালিত অভিযানে চাঁদপুর সদর মডেল থানায় ১২ জন, ফরিদগঞ্জ থানায় ৮ জন, মতলব দক্ষিণ থানায় ২ জন, মতলব উত্তর থানায় ৪ জন, হাজীগঞ্জ থানায় ৪ জন, শাহরাস্তি থানায় ২ জন এবং কচুয়া ● ২-এর পাতায় দেখুন


চাঁদপুর জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় বক্তব্য রাখছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিক।

চাঁদপুর জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা

মবের বিরুদ্ধে সরকারের অবস্থান জিরো টলারেন্স

----শেখ ফরিদ আহমেদ মানিক এমপি

স্টাফ রিপোর্টার

চাঁদপুরের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, অপরাধ নিয়ন্ত্রণ, বাল্যবিবাহ প্রতিরোধ, মাদক ও অবৈধ অস্ত্রের ব্যবহার বন্ধে প্রশাসনকে আরও সতর্ক ও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিক। তিনি বলেন, কেউ আইনের উর্ধ্বে নয়। আইন সবার জন্য সমান। সরকারি দায়িত্ব পালনে কোনো ধরনের সমস্যা বা বাধার সম্মুখীন হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের জেলা প্রশাসক, ● ২-এর পাতায় দেখুন



কচুয়ায় আটককৃত আ'লীগের নেতাদের একাংশ।

কচুয়ায় আ'লীগের ১১ নেতাকর্মী গ্রেপ্তার

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় সরকার কর্তৃক কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের ১১ জন নেতাকর্মীকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। এর মধ্যে গত শনিবার রাতে বিশেষ অভিযান চালিয়ে ৬ জনকে এবং পরবর্তী সময়ে আরও ৫ জনকে গ্রেপ্তার করা হয়।

থানা সূত্রে জানা যায়, গত ৭ নভেম্বর (শনিবার) রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে নিষিদ্ধ সংগঠনের ৬ নেতাকর্মীকে আটক করা হয়। শনিবার ও রোববার দুই দিনে মোট গ্রেপ্তারের সংখ্যা দাঁড়ায় ১১ জনে।

গ্রেপ্তারকৃতরা হলেন, কচুয়া পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের কোয়া গ্রামের ওয়ার্ড সহ-সভাপতি মোহাম্মদ শাজাহান, ৮নং ওয়ার্ডের করইশ গ্রামের আওয়ামী লীগ নেতা একরাম হোসেন, আশরাফপুর ইউনিয়নের মাসনী গ্রামের আওয়ামী লীগ নেতা নেয়ামত উল্লাহ, কড়ইয়া ইউনিয়নের নলুয়া গ্রামের ছাত্রলীগ নেতা সুমন মিয়াজী, কচুয়া উত্তর ইউনিয়নের উজানী গ্রামের ছাত্রলীগ নেতা আমজাদ হোসেন এবং কাদলা ইউনিয়নের গুলাহার গ্রামের ছাত্রলীগ নেতা রায়হান। গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে কচুয়া থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মো. রাশেদুল হক জানান, নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতাকর্মীদের ● ২-এর পাতায় দেখুন

অনলাইনে চাঁদপুরের ইলিশ বিক্রিতে লাগবে জেলা প্রশাসনের লাইসেন্স

স্টাফ রিপোর্টার

চাঁদপুরের ইলিশের সুনাম ব্যবহার করে অনলাইনে প্রতারণা ঠেকাতে এখন থেকে সেখানে অনলাইনে ইলিশ বিক্রি করতে জেলা প্রশাসনের নিবন্ধন বা লাইসেন্স নেওয়া বাধ্যতামূলক করা হয়েছে।

জেলা প্রশাসনের ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা থেকে জারি করা এক বিশেষ বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান এতে স্বাক্ষর করেন।

বিজ্ঞপ্তি অনুযায়ী, নির্ধারিত শর্ত পূরণ করে আগ্রহী ব্যবসায়ীদের আগামী ১৫ নভেম্বরের মধ্যে ফরম পূরণ করে আবেদন করতে হবে এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে জটিল রোগে আক্রান্ত ৪৫ রোগী পেলেন ৪৫ লাখ টাকা

শহর প্রতিনিধি

চাঁদপুরে ক্যানসার, কিডনি, লিভার সিরোসিস ও হৃদরোগের মতো বিভিন্ন জটিল রোগে আক্রান্ত অসহায় ৪৫ জন রোগীকে চিকিৎসা সহায়তার চেক দেওয়া হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রত্যেক রোগীকে ১ লাখ টাকা করে মোট ৪৫ লাখ টাকা প্রদান করা হয়।

রবিবার দুপুরে চাঁদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে রোগীদের মাঝে এই সহায়তার চেক বিতরণ করেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ ● ২-এর পাতায় দেখুন


ফরিদগঞ্জে আটককৃত আ'লীগের ৮ নেতা।

ফরিদগঞ্জে আ'লীগের ৮ নেতাকর্মী গ্রেফতার

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে নাশকতা বিরোধী বিশেষ অভিযান চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের ৮ জন নেতাকর্মীকে গ্রেফতার করেছে থানা পুলিশ।

শনিবার (৭ নভেম্বর) রাতে চাঁদপুর জেলা পুলিশ সুপার মো. মিজানুর রহমানের বিশেষ নির্দেশনায় এবং ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ এরশাদ উল্যাহর সার্বিক পরিচালনায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে এই সাঁড়াশি অভিযান পরিচালিত হয়।

গ্রেফতারকৃতরা হলেন-উপজেলা আওয়ামী লীগ নেতা ও বালিথুবা পূর্ব ইউনিয়নের মো. খালেদ খাঁন (৪৩), সুবিদপুর পূর্ব ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. জাকির খাঁন বাবু (৫০), একই ইউনিয়নের আওয়ামী লীগ নেতা হেফজুল বারী মোল্লা (৪৮), চরদুঃখিয়া পূর্ব ইউনিয়নের সাবেক ছাত্রলীগ নেতা মো. সোহাগ হোসেন (৩৮), রূপসা দক্ষিণ ইউনিয়ন আওয়ামী লীগ নেতা মো. রহমত উল্যা ভূঁইয়া (৫৫), রূপসা উত্তর ইউনিয়ন আওয়ামী লীগ নেতা আনোয়ার হোসেন মানিক (৪৬), ছাত্রলীগ নেতা আরাফাত হোসেন শান্ত (২৭) এবং ফরিদগঞ্জ পৌর ছাত্রলীগ নেতা মো. আছিবুর রহমান হৃদয় (২৮)। পুলিশ সূত্রে জানা ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে পানিতে ডুবে শিশুর মৃত্যু

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে নিজ বাড়ির পুকুরের পানিতে ডুবে মো. তানিম হোসেন তাহিম নামের পাঁচ বছর বয়সি এক শিশু মারা গেছে।

শনিবার (৭ নভেম্বর) সকালে উপজেলার বাকিলা ইউনিয়নের ● ২-এর পাতায় দেখুন

জাতীয় সংসদ চত্বরকে 'ধূমপানমুক্ত এলাকা' ঘোষণা

দিগন্ত ডেস্ক

জাতীয় সংসদ চত্বরকে 'ধূমপানমুক্ত এলাকা' ঘোষণা করা হয়েছে। রোববার জাতীয় সংসদের কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী এই চত্বরকে ধূমপানমুক্ত এলাকা ঘোষণার প্রস্তাব করলে কমিটির সবাই তা স্বতঃস্ফূর্তভাবে গ্রহণ করেন।

সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। কার্যউপদেষ্টা কমিটির সভাপতি ও স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে সংসদ ভবনে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কমিটির সদস্য সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান ছাড়াও বিরোধীদলীয় নেতা ডা. মো. শফিকুর রহমান, গয়েশ্বর চন্দ্র রায়, অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর খসরু ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর রেলওয়ে হকার্স মার্কেটে ভোক্তার অভিযানে ২ প্রতিষ্ঠানকে জরিমানা

শহর প্রতিনিধি

রবিবার (৮ নভেম্বর ২০২৬) চাঁদপুর শহরের রেলওয়ে হকার্স মার্কেটে এ অভিযান পরিচালনা করে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চাঁদপুর জেলা কার্যালয়।

অভিযানকালে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী বিদেশি কসমেটিকস পণ্যে আমদানিকারকের স্টিকার না থাকা এবং পাকিস্তানি নিষিদ্ধ ক্রিম বিক্রির অপরাধে ফ্যামিলি মার্টকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া উৎপাদন ও মেয়াদোত্তীর্ণের তারিখ উল্লেখবিহীন খাদ্যপণ্য বিক্রির জন্য সংরক্ষণ করায় অনন্যা এন্টারপ্রাইজকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়। দুটি প্রতিষ্ঠানকে সর্বমোট ১৩ হাজার টাকা জরিমানা ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
৯ নভেম্বর ২০২৬
সোমবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে : Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE
মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সোমবার ৯ নভেম্বর ২০২৬, ২৪ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ২৮ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

প্রথম ধাপে ১ হাজার ৫০ ইউপিতে ভোট, থাকবে না ইভিএম

দিগন্ত ডেস্ক

প্রথম ধাপে ১ হাজার ৫০টি ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে ভোট গ্রহণের প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। আবহাওয়া, উপকূলীয় এলাকাসহ সার্বিক বিষয় বিবেচনা করে সাড়ে চার হাজার ইউপির সিংহভাগ ভোট প্রথম দুই ধাপে সম্পন্ন করার পরিকল্পনা করা হয়েছে। একই সঙ্গে নির্বাচনে ইলেকট্রনিক ভোটিং মেশিন ২-এর পাতায় দেখুন

আমন মৌসুমে সাড়ে ৮ লাখ টন ধান-চাল কিনবে সরকার, দাম নির্ধারণ

দিগন্ত ডেস্ক

চলতি ২০২৬-২৭ অর্থবছরের আমন মৌসুমে অভ্যন্তরীণ বাজার থেকে ৮ লাখ ৫০ হাজার মেট্রিক টন ধান ও চাল সংগ্রহ করবে সরকার। এর মধ্যে ৩ লাখ টন ধান, ৫ লাখ টন সিদ্ধ চাল এবং ৫০ হাজার টন আতপ চাল রয়েছে। প্রতি কে.জি. ধানের সংগ্রহমূল্য ৩৫ টাকা, সিদ্ধ চাল ৪৯ টাকা এবং আতপ চাল ৪৮ টাকা নির্ধারণ করা হয়েছে। রোববার (৮ নভেম্বর) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলনকক্ষে খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির (এফপিএমসি) সভা শেষে খাদ্যমন্ত্রী আফরোজা খানম রিতা সাংবাদিকদের এ তথ্য জানান। সভায় দেশের সার্বিক খাদ্য পরিস্থিতি, আমন সংগ্রহ কার্যক্রম, খাদ্যশস্যের মজুত, সরকারি বিতরণ ব্যবস্থা এবং খাদ্যশস্য আমদানি নিয়ে আলোচনা হয়। সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ১৪ নভেম্বর থেকে আমন ধান সংগ্রহ শুরু হবে। কৃষকদের কাছ থেকে সরাসরি প্রতি কে.জি. ৩৫ টাকা দরে ৩ লাখ মেট্রিক টন ধান কেনা ২-এর পাতায় দেখুন

বৈশ্বিক প্রতিযোগিতায় টিকতে গবেষণায় আরো গুরুত্ব দিতে হবে : শিক্ষামন্ত্রী

দিগন্ত ডেস্ক

শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলন বলেছেন, বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকতে হলে গবেষণায় আরো গুরুত্ব দিতে হবে। তিনি বলেন, আমরা এখন গ্লোবাল ভিলেজ এ বসবাস করি। প্রতিনিয়ত আমাদেরকে আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতা করতে হচ্ছে। এই বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকতে হলে গবেষণায় আরো ২-এর পাতায় দেখুন

আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় সমিতির প্রশাসনিক পর্ষদের

পূর্ণ সদস্য নির্বাচিত ডিআইইউ ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এম আর কবির

প্রেস বিজ্ঞপ্তি

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) উপাচার্য অধ্যাপক ড. এম. আর. কবির ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ইউনিভার্সিটিজের (আইএইউ) প্রশাসনিক পর্ষদের পূর্ণ সদস্য নির্বাচিত হয়েছেন। ২০২৬-২০৩০ মেয়াদের জন্য এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের প্রতিনিধি হিসেবে তিনি এ দায়িত্ব পেয়েছেন। ৩ থেকে ৬ নভেম্বর ২০২৬ পর্যন্ত অস্ট্রেলিয়ার পার্থে মারডক বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত আইএইউর ১৭তম সাধারণ সম্মেলনে সদস্য নির্বাচনের এ ঘোষণা দেয়া হয়। সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'দ্য ভ্যালু অব ইউনিভার্সিটিজ ইন দ্য এরা অব আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স'।

এ নির্বাচনের বিষয়ে অধ্যাপক ড. এম. আর. কবির বলেন, "আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় সমিতির প্রশাসনিক পর্ষদের সদস্য হিসেবে ২-এর পাতায় দেখুন

বাংলাদেশে মানবাধিকার মিশনের দায়িত্ব নিলেন সাবিনে লাউবার

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশে জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের কার্যালয়ের (ওএইচসিএইচআর) মিশনের নতুন প্রধান হিসেবে দায়িত্ব নেওয়া সাবিনে ম্যাগডালেনা লাউবার পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবিরের কাছে পরিচয়পত্র পেশ করেছেন। রোববার (৮ নভেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে গিয়ে তিনি প্রতিমন্ত্রীর ২-এর পাতায় দেখুন



হাইমচরে জাতীয় সমবায় দিবস উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি।

হাইমচরে জাতীয় সমবায় দিবস উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা

হাইমচর প্রতিনিধি

হাইমচরে উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় কার্যালয়ের আয়োজনে ৫৫তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার (৮ নভেম্বর) সকাল ৯টায় হাইমচর উপজেলা প্রশাসন ও সমবায় কার্যালয়ের আয়োজনে জাতীয় পতাকা উত্তোলন, র‍্যালি এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন হাইমচর উপজেলা নির্বাহী অফিসার মোঃ নজরুল ইসলাম। সভায় হাইমচর উপজেলা সমবায় অফিসার মোঃ হাফিজুল ইসলাম এর সভাপতিত্বে ও একাডেমিক সুপারভাইজার মুহাম্মদ আহসানুল হক এর সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন, হাইমচর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মোস্তফা কামাল, উপজেলা শিক্ষা অফিসার ৩-এর পাতায় দেখুন

'পরাজিত ব্যক্তি' বলায় রেগে ব্রিফিং ছাড়লেন ট্রাম্প

আন্তর্জাতিক ডেস্ক

মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকানদের ভরাডুবির কারণে 'পরাজিত ব্যক্তি' বলায় ক্ষুব্ধ হয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প।

শুক্রবার ফ্লোরিডার উদ্দেশে হোয়াইট হাউজ ছাড়ার সময় সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি; সেখানেই তাকে এ আখ্যা শুনতে হয়।

যুক্তরাজ্যভিত্তিক সংবাদমাধ্যম মেট্রো লিখেছে, ৮০ বছর বয়সি ট্রাম্প যখন হেলিকপ্টারে চড়তে যাচ্ছিলেন, তখন বৃষ্টি ঝরছিল। ফলে ছাতা মাথায় ব্রিফিংয়ে আসেন তিনি, যেখানে সাংবাদিকরা তাকে নানা প্রশ্ন করছিলেন। এর মধ্যে স্কাই নিউজের এক সাংবাদিক সরাসরি জানতে চান, "প্রেসিডেন্ট, একজন হেরে যাওয়া ব্যক্তি হিসেবে আপনার কেমন লাগছে?"

ট্রাম্প এ প্রশ্ন শুনে মেজাজ হারিয়ে ঘুরে দাঁড়ান এবং কোনো উত্তর না দিয়ে চলে যান। যদিও সংবাদমাধ্যমের মুখোমুখি হতে ট্রাম্প সাধারণত পিছপা হন না।

গত ৩ নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনে মার্কিন কংগ্রেসের দুই কক্ষের নিয়ন্ত্রণই হারিয়েছে ট্রাম্পের রিপাবলিকান পার্টি।

রিপাবলিকানদের শক্ত ঘাঁটি হিসেবে পরিচিত টেক্সাস অঙ্গরাজ্যেও ডেমোক্রেটিক পার্টি জয় পেয়েছে। ১৯৮০ সালের পর প্রতিটি নির্বাচনে সেখানে রিপাবলিকান প্রার্থী জয়ী ৩-এর পাতায় দেখুন



ফরিদগঞ্জে বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দিচ্ছেন কেন্দ্রীয় বিএনপির সদস্য মোতাহার হোসেন পাটওয়ারী।

ফরিদগঞ্জে বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভা

দেশ ও জনগণের কল্যাণে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে

----মোতাহার হোসেন পাটওয়ারী

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে ঐতিহাসিক ৭ই নভেম্বর 'জাতীয় বিপ্লব ও সংহতি দিবস' পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আলোচনা সভার আয়োজন করে উপজেলা ও পৌর বিএনপি এবং এর অঙ্গ-সহযোগী সংগঠনসমূহ।

রোববার (৮ নভেম্বর) বিকেলে ফরিদগঞ্জ আম্বিয়া ইউনুস ফাউন্ডেশনের কার্যালয়ে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য মোতাহার হোসেন পাটওয়ারী। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ৩-এর পাতায় দেখুন

শিল্পাঞ্চলের নিরাপত্তা নিশ্চিতে ৩৩ প্লাটুন বিজিবি মোতায়েন

নিজস্ব প্রতিবেদক

চলমান শ্রমিক অসন্তোষের প্রেক্ষাপটে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, শিল্পাঞ্চলের নিরাপত্তা নিশ্চিত করা এবং যেকোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় ঢাকা, গাজীপুর ও নারায়ণগঞ্জের বিভিন্ন এলাকায় ৩৩ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে। রোববার (৮ নভেম্বর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছে বিজিবি সদর দপ্তর।

সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, মোতায়েন করা বিজিবি সদস্যরা ঢাকার সাভার, আশুলিয়া ও মিরপুর, নারায়ণগঞ্জের শিবু মার্কেট, জালকুড়ি, বিসিক শিল্পনগরী, চাষাঢ়া, কাঁচপুর ও শিমরাইল এবং গাজীপুরের চন্দ্রা, পল্লীবিদ্যুৎ, মৌচাক, আমবাগ, কাশিমপুর, নাওজোর, ভোগড়া বাইপাস, গাছা ও সালনা এলাকায় টহল ও নিরাপত্তার দায়িত্ব পালন করছেন। বিজিবি সদর দপ্তরের মনিটরিং সেল ৩-এর পাতায় দেখুন



মতলব উত্তরে ৫৫তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনির নেতৃত্বে বর্ণাঢ্য র‍্যালি।

মতলব উত্তরে জাতীয় সমবায় দিবস পালিত

স্টাফ রিপোর্টার

'করবো সমবায় গড়বো দেশ সবার জন্য বাংলাদেশ' প্রতিপাদ্যকে সামনে রেখে মতলব উত্তরে ৫৫তম জাতীয় সমবায় দিবস ২০২৬ উদযাপিত হয়েছে। রবিবার (৮ নভেম্বর) সকালে উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে জাতীয় পতাকা উত্তোলন, র‍্যালি ও আলোচনা সভায় অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার মাহমুদা কুলসুম মনির সভাপতিত্বে, বক্তব্যে রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা ফয়সাল মোহাম্মদ আলী, উপজেলা সমবায় কর্মকর্তা ফারুক আহম্মদ, উপজেলা ৩-এর পাতায় দেখুন



কচুয়ায় শ্রেষ্ঠ সমবায়ীদের সম্মাননা প্রদান করে উপজেলা প্রশাসন।

কচুয়ায় জাতীয় সমবায় দিবস উদযাপন, শ্রেষ্ঠ সমবায়ীদের সম্মাননা

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা ও শ্রেষ্ঠ সমবায়ীদের সম্মাননা প্রদানের মধ্য দিয়ে ৫৫তম জাতীয় সমবায় দিবস-২০২৬ উদযাপন করা হয়েছে।

'করব সমবায়, গড়ব দেশ, সবার আগে বাংলাদেশ' প্রতিপাদ্য সামনে রেখে উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় বিভাগের আয়োজনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায়। অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা সমবায় কার্যালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর মো. সাখাওয়াত মজুমদার জুয়েল। দিবসটি উপলক্ষে আয়োজিত র‍্যালিতে বিভিন্ন ৩-এর পাতায় দেখুন

ইতিহাসে ০৯ নভেম্বর

১৭৯৮ সালে ব্রিটিশ গভর্নরের আদেশে কলকাতায় রবিবারে ঘোড়দৌড় ও সব রকম জুয়াখেলা নিষিদ্ধ হয়। ১৯৫৩ সালে ফ্রান্স থেকে কম্বোডিয়া স্বাধীনতা লাভ করে। ১৯৯৯ সালে জাতিসংঘ সংস্থা ইউনেস্কো নির্বাহী পরিষদের নির্বাচনে বাংলাদেশ এশিয়া প্যাসিফিক গ্রুপ থেকে সদস্য নির্বাচিত হয়। ২০০০ সালে ভারতে উত্তর প্রদেশ রাজ্যকে খণ্ডিত করে উত্তরাখণ্ড রাজ্য গঠিত হয়। ২০২০ সালে নাগার্নো-কারাবাখে সংঘাত বন্ধে আজারবাইজান-আর্মেনিয়া শান্তিচুক্তি স্বাক্ষরিত হয়। ২০২৩ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের এনওয়াইইউ ল্যাঙ্গোন হেলথের সার্জনরা বিশ্বের প্রথম সম্পূর্ণ চক্ষু প্রতিস্থাপনের ঘোষণা দেন।



শাহতলী কামিল মাদরাসায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা অধিদপ্তরের সহকারি পরিচালক (অর্থ) মোহাম্মদ শুকুর আলম মজুমদার আসলে তাকে ফুলেল শুভেচ্ছা জানান মাদরাসা গভর্নিং বডির সভাপতি সোহেল রুশদী।

শাহতলী কামিল মাদরাসায় শিক্ষকদের সাথে মতবিনিময় সভা

সদর প্রতিবেদক

চাঁদপুর সদর উপজেলার শতবছরের ঐতিহ্যবাহী শাহতলী কামিল মাদরাসায় শিক্ষকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

৮ নভেম্বর (রবিবার) দুপুর ১টায় মাদরাসা শিক্ষক মিলনায়তনে মাদরাসা গভর্নিং বডির সভাপতি ও চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী'র সভাপতিত্বে অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাদরাসা শিক্ষা অধিদপ্তরের সহকারি পরিচালক (অর্থ) মোহাম্মদ শুকুর আলম মজুমদার।

তিনি বলেন, আপনারা শিক্ষার গুণগত মান নিশ্চিত করবেন? মাদরাসার পরিবেশ সুন্দর ও চমৎকার শৃঙ্খলা রয়েছে। শিক্ষকতা শুধু পেশা নয়, এটি একটি পবিত্র আমানত।" পাঠদানে আন্তরিক থাকতে হবে। শিক্ষার উন্নয়নে সরকারি সব ধরনের সহযোগিতা অব্যাহত থাকবে।

শাহতলী কামিল মাদরাসার অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ বিলাল হোসাইনের পরিচালনায় সভাপতির বক্তব্য রাখেন মাদরাসা গভর্নিং বডির সভাপতি ও চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তরে উৎসবমুখর পরিবেশে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত হয়। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (৮ নভেম্বর) বিকেলে ছেংগারচর সরকারি কলেজ মাঠ থেকে বর্ণাঢ্য র‍্যালিটি বের করা হয়। র‍্যালিটি ছেংগারচর পৌরসভার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে পুনরায় কলেজ মাঠে এসে শেষ হয়। এক সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তব্য রাখেন চাঁদপুর জেলা বিএনপির সদস্য ও মতলব উত্তর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আলমগীর সরকার, কেন্দ্রীয় কৃষক দলের যুগ্ম সাধারণ সম্পাদক ব্যারিস্টার ওবায়দুর রহমান টিপু, ছেংগারচর পৌর বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম প্রধান, চাঁদপুর জেলা বিএনপির সহ-কোষাধ্যক্ষ বশির আহমেদ সরকার, উপজেলা বিএনপির সহ-সভাপতি গনি তফাদার, যুগ্ম সাধারণ সম্পাদক সেলিম সরকার, সাংগঠনিক সম্পাদক মিয়া মনজুর আমিন স্বপন, তোফায়েল পাটোয়ারী, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক ৩-এর পাতায় দেখুন



মতলব উত্তরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি।

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে হাইমচরে বিএনপির বর্ণাঢ্য র‍্যালি

হাইমচর প্রতিনিধি

৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে হাইমচর উপজেলা বিএনপির উদ্যোগে বিশাল বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়েছে। ৮ নভেম্বর বিকাল ৪টায় হাইমচর উপজেলা বিএনপির পার্টি অফিস থেকে র‍্যালিটি বের



জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে হাইমচরে বিএনপির বর্ণাঢ্য র‍্যালি।

হয়ে পুরো আলগী-বাজার প্রদক্ষিণ করে বিএনপি'র পার্টি অফিস গিয়ে শেষ হয়। এ সময় উপস্থিত ছিলেন,হাইমচর উপজেলা বিএনপির সভাপতি মোঃ আমিনুল্লাহ বেপারী, সাধারণ সম্পাদক মোঃ মাজহারুল ইসলাম শফিক পাটওয়ারী, উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল খালেক খান, সহ-সভাপতি মিজানুর রহমান শেখ, যুগ্ম সাধারণ সম্পাদক হারুনুর রশিদ গাজী,মোঃ বিল্লাল হোসেন আখন, ৩-এর পাতায় দেখুন

মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটর: মোঃ আব্দুল গফুর
• সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
• অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা

সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মূত্রথলি, মূত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

'২০২৯ সালের ভোটেই মোদী সরকারের বিদায় নিশ্চিত', ভবিষ্যদ্বাণী ককরোচ প্রধানের

আন্তর্জাতিক ডেস্ক

ভারতে ২০২৯ সালের লোকসভা নির্বাচনেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারের পতন হবে বলে ভবিষদ্বাণী করেছেন কক্?রোচ জনতা পার্টির (সিজেপি) প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে।

কেন্দ্রের সরকার পরিবর্তনের জন্যও দেশবাসীকে প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন তিনি। ভারতীয় সংবাদ সংস্থা পিটিআই এ খবর জানিয়েছে।

শনিবার কেরালার কোচিতে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) ও মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে আয়োজিত একটি প্রতিবাদ সভায় বক্তব্য রাখতে গিয়ে এই মন্তব্য করেন দীপকে। তবে সেই অনুষ্ঠানে তিনি স্পষ্ট করে জানান, নির্বাচনের মাধ্যমেই একমাত্র সরকার পরিবর্তন সম্ভব। পাশাপাশি, দেশের নির্বাচনি ব্যবস্থাকে স্বাধীন ও নিরপেক্ষ করার দাবিও তুলেছেন তিনি। ভারতীয় জনতা পার্টি (বিজেপি)-এর পক্ষ থেকে মোদীর ক্ষমতায় থাকা নিয়ে করা দাবির প্রসঙ্গ টেনে দীপকে বলেন, "২০২৯ সালের জন্য প্রস্তুত থাকুন। তিনি নিশ্চিতভাবে ক্ষমতা ৩-এর পাতায় দেখুন

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস

সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এম.এসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন: মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।

ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।

ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন: প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)

ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পুর্ণবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন: প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (শেষ পর্ব) সার্জারী, এমআরসিএস (পার্ট-এ)
এমসিপিএস (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন: প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)

আমাদের সেবা সমূহ
• এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন
• মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
• সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
• উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
• ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
• জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
• প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
• ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মস্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত

সোমবার ॥ ৯ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

সেন্ট মার্টিনের পরিবেশগত ঝুঁকি
পর্যটন বাড়াতে গিয়ে দ্বীপের সর্বনাশ নয়

বিএনপি ক্ষমতায় আসার আগে ও পরে পরিবেশ সুরক্ষায় অগ্রাধিকার দেওয়ার ঘোষণা দিয়েছিল। ইতিমধ্যে কিছু ইতিবাচক উদ্যোগ দৃশ্যমান হলেও পাশাপাশি পরিবেশের ক্ষতি হয়, এমন কিছু সিদ্ধান্তও দেখা যাচ্ছে। সম্প্রতি সেন্ট মার্টিনে পর্যটক প্রবেশের সংখ্যা ও সময়সীমা বৃদ্ধির যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তা দেশের একমাত্র প্রবালসমৃদ্ধ এই দ্বীপের প্রাণপ্রকৃতি ও সংবেদনশীল জীববৈচিত্র্যের জন্য হুমকি তৈরি করতে পারে। ইতিমধ্যে ৫ নভেম্বর থেকে সেন্ট মার্টিন দ্বীপে পর্যটকবাহী জাহাজ চলাচল শুরু হয়েছে। থেকে জানা যাচ্ছে, সরকার সেন্ট মার্টিনে প্রতিদিনের পর্যটক যাতায়াতের সীমা ২ হাজার থেকে একলাফে ৭৫ শতাংশ বাড়িয়ে ৩ হাজার ৫০০ জনে উন্নীত করেছে এবং রাতযাপনের সুযোগ দুই মাস থেকে বাড়িয়ে সাড়ে চার মাস নির্ধারণ করেছে। যেখানে আগের সীমিতসংখ্যক পর্যটক সামলাতেই নানা চ্যালেঞ্জের সৃষ্টি হতো, সেখানে বিজ্ঞানসম্মত সমীক্ষা ছাড়াই গৃহীত এই সিদ্ধান্ত দ্বীপটির নাজুক পরিবেশের জন্য মারাত্মক ঝুঁকি তৈরি করবে। প্রতিবেশগত দিক থেকে অত্যন্ত সংবেদনশীল এই দ্বীপকে ১৯৯৯ সালে 'প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা' হিসেবে ঘোষণা করা হয়েছিল। একসময় এখানে বহু প্রজাতির উদ্ভিদ ও সামুদ্রিক প্রাণীর নিরাপদ আবাস ছিল, যার মধ্যে রয়েছে বিরল প্রজাতির প্রবাল, সামুদ্রিক কাছিম, শৈবাল ও পরিযায়ী পাখি।

মাল্টিপারপাস সমিতিগুলো সাধারণ

ডা. মোহাম্মদ নুর আলম দীন।

চাঁদপুর জেলা সরকারি গ্রন্থাগারের লাইব্রেরিয়ান উম্মে রায়হানা ফেরদৌসের পরিচালনায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. খায়রুল কবির, জেলা পরিষদের প্রশাসক অ্যাড. সলিম উল্যা সেলিম, চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি সোহেল রুশদী, সদর উপজেলা সমবায় সমিতির চেয়ারম্যান জসিম উদ্দিন খান বাবুল, জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, ফেরদৌস আলম বাবু, ডি এম শাহাজাহান, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হযরত আলী ঢালীসহ প্রশাসন, জেলা সমবায় কর্মকর্তারা ও বিভিন্ন সমবায় সমিতির কর্মকর্তা এবং সদস্যরা।

এছাড়াও ৫৫তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে বিকাল সাড়ে ৩টায় প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করা হয়েছে।

ফরিদগঞ্জে নিখোঁজের পর

রবিবার ভোরে বাড়ির পাশের পুকুরে শিশুটির মরদেহ ভেসে উঠতে দেখেন এক প্রতিবেশী। পরে তার ডাক-চিৎকারে পরিবারের লোকজন ও স্থানীয় বাসিন্দারা ছুটে এসে পানি থেকে ইয়াছিনের মরদেহ উদ্ধার করেন। একমাত্র সন্তানকে হারিয়ে পরিবারে এখন চলছে শোকের মাতম।

কান্নাজড়িত কণ্ঠে শিশুটির বাবা জিতু বলেন, 'আমার অবুঝ ছেলের সঙ্গে বা আমাদের পরিবারের সঙ্গে কারো কোনো শত্রুতা নেই। কারো প্রতি আমাদের কোনো সন্দেহও নেই। হয়তো খেলতে গিয়ে সে সবার অগোচরে পানিতে পড়ে মারা গেছে। কারো বিরুদ্ধে কোনো অভিযোগ না থাকায় আমরা ময়নাতদন্ত ছাড়াই লাশ দাফনের জন্য প্রশাসনের কাছে আবেদন করেছি।'

এ বিষয়ে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ এরশাদ উল্ল্যাহ জানান, রবিবার সকালে খবর পেয়ে তাৎক্ষণিকভাবে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। শিশুটি আগের দিন দুপুর থেকে নিখোঁজ ছিল এবং এ নিয়ে থানায় একটি জিডিও হয়েছিল। পরিবারের পক্ষ থেকে কোনো সুনির্দিষ্ট অভিযোগ না থাকায় এবং তাদের লিখিত আবেদনের প্রেক্ষিতে আইনি প্রক্রিয়া শেষে মরদেহ দাফনের অনুমতি দেওয়া হয়েছে। এই ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

চাঁদপুর ছিনতাই হওয়া

ছিনতাইকারীদের থেকে ১৮ ভরি স্বর্ণালংকার, ৪৮ হাজার টাকা ও একটি মুঠোফোন উদ্ধার করেছে।

গতকাল রোববার দুপুরে চাঁদপুর পুলিশ সুপারের কার্যালয়ে আয়োজিত এক সংবাদ ব্রিফিংয়ে অতিরিক্ত পুলিশ সুপার নাদিরা নূর এ তথ্য জানান।

গ্রেপ্তার তিনজন হলেন চাঁদপুর সদর উপজেলার শ্রমিক কলোনি এলাকার জাহাঙ্গীর হোসেনের ছেলে মো. জাহিদ হোসেন (২১), একই এলাকার আবদুল মালেক কোড়ালীর ছেলে রাব্বি হোসেন (২৪) এবং একই এলাকার প্রয়াত শফিকের ছেলে জাহিদ (২১)।

চাঁদপুরে ট্রেন থেকে নারীর ব্যাগ ছিনতাইয়ের ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করার পর ব্রিফিং করেন অতিরিক্ত পুলিশ সুপার নাদিয়া নূর।


ভুক্তভোগী ফাতেমা আক্তার জেলার ফরিদগঞ্জ উপজেলার বাসিন্দা। ৫ নভেম্বর ভোরে চাঁদপুর রেলস্টেশন থেকে তাঁর ব্যাগ ছিনতাই হয়। ওই ব্যাগে প্রায় ৫০ লাখ টাকা মূল্যের ১৯ ভরি স্বর্ণালংকার, ১ লাখ ২৫ হাজার টাকা ও তিনটি মুঠোফোন ছিল। এ ঘটনায় ফাতেমার ভাই মো. মেরাজুল ইসলাম বাদী হয়ে চাঁদপুর রেলওয়ে থানায় একটি মামলা করেন।

পুলিশ জানায়, মামলার পরপরই ঘটনার গুরুত্ব বিবেচনা করে ছায়া তদন্ত শুরু করে গোয়েন্দা পুলিশ। প্রযুক্তির সহায়তায় দ্রুত সময়ের মধ্যে আসামিদের শনাক্ত করা হয়। প্রথমে চাঁদপুর শহরে অভিযান চালিয়ে হোতা মো. জাহিদ হোসেন ও রাব্বি হোসেনকে গ্রেপ্তার করা হয়। এরপর গতকাল শনিবার ভোরে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে কিশোরগঞ্জ সদর উপজেলার মাইজকান্দি গ্রামে অভিযান চালিয়ে বোনের শ্বশুরবাড়ি থেকে আরেক আসামি জাহিদকে গ্রেপ্তার করা হয়।

ব্রিফিংয়ে জানানো হয়, কিশোরগঞ্জ থেকে জাহিদকে গ্রেপ্তারের সময় তাঁর কাছ থেকে ছিনতাইয়ের ৪৮ হাজার টাকা ও একটি মুঠোফোন জব্দ করা হয়। পরে তাঁর দেওয়া তথ্যের ভিত্তিতে চাঁদপুর বড় স্টেশনের ডাকাতিয়া নদীর ভিআইপি ঘাটের পন্টুনের ভেতরের সিঁড়ির নিচ এবং পন্টুনের সুড়ঙ্গের ভেতর থেকে ছিনতাই হওয়া স্বর্ণালংকার জব্দ করা হয়। এ সময় সাত ভরি ওজনের সাতটি সোনার চেইন, তিন ভরি ওজনের পাঁচটি আংটি, আড়াই ভরি ওজনের চার জোড়া কানের দুল, দুই ভরি ওজনের দুটি চুড়ি, আড়াই ভরি ওজনের একটি হার ও এক ভরি ওজনের একটি ব্রেসলেট উদ্ধার হয়।

অতিরিক্ত পুলিশ সুপার নাদিরা নূর বলেন, ওই নারীর ব্যাগে ১৯ ভরি স্বর্ণালংকার, ১ লাখ ২৫ হাজার টাকা ও তিনটি মুঠোফোন ছিল। ছিনতাইয়ের ভয়ে সব একত্র করে একটি ভ্যানিটি ব্যাগে রেখেছিলেন। পুলিশ ছিনতাইকারীদের কাছ থেকে ১৮ ভরি স্বর্ণালংকার, ৪৮ হাজার টাকা ও একটি মুঠোফোন উদ্ধার করেছে। বাকি স্বর্ণালংকার, মুঠোফোন ও টাকা উদ্ধার করা যায়নি। ইতিমধ্যে আসামিদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।





চাঁদপুরে পুলিশের অভিযানে

থানায় ৬ জনকে গ্রেপ্তার করা হয়।

অন্যদিকে, মাদকবিরোধী অভিযানে হাইমচর থানায় একজন, ফরিদগঞ্জ থানায় ২ জন, মতলব উত্তর থানায় একজন এবং শাহরাস্তি থানায় ২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ সময় হাইমচর ও ফরিদগঞ্জ থানা পুলিশ ২ পিস করে মোট ৪ পিস ইয়াবা এবং মতলব উত্তর ও শাহরাস্তি থানা পুলিশ যথাক্রমে ২০ ও ৪০ গ্রাম গাঁজা উদ্ধার করে।

এ ছাড়া কিশোর গ্যাংবিরোধী অভিযানে চাঁদপুর সদর মডেল থানায় ৩ জন, হাইমচর থানায় ৪ জন, ফরিদগঞ্জ থানায় ৫ জন, মতলব দক্ষিণ থানায় ৪ জন, হাজীগঞ্জ থানায় ৪ জন এবং কচুয়া থানায় ৫ জনসহ মোট ২৫ জনকে আটক করা হয়।

অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিয়া নূর জানান, আটক কিশোরদের মধ্যে ২৪ জনকে যাচাই-বাছাই শেষে মুচলেকার মাধ্যমে পরিবারের জিম্মায় দেওয়া হয়েছে। অপর একজনের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে। এ ছাড়া গ্রেপ্তার অন্য আসামিদের বিরুদ্ধেও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

তিনি আরও জানান, জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, অপরাধ নিয়ন্ত্রণ এবং কিশোর গ্যাং ও মাদকের বিস্তার রোধে পুলিশের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

চাঁদপুর লঞ্চ টার্মিনালে প্রকাশ্য

কথা বলতে অস্বীকৃতি জানান। পরবর্তীতে গোপন ক্যামেরায় নাম প্রকাশ না করার শর্তে এক টোল আদায়কারী ক্ষোভ ও শঙ্কা প্রকাশ করে জানান, তার সাড়ে ৬ ঘণ্টার ডিউটি চলাকালীন সময়ে প্রায় সাড়ে ৩০০ সিএনজি এবং ৩০০-এর বেশি অটো রিকশা টার্মিনালে যাতায়াত করেছে। এর মধ্যে স্থানীয় কোনো অটো রিকশাই সরকারি নির্ধারিত ২০ টাকা টোল দেয়নি।

টোল না দেওয়ার বিষয়ে জানতে চাইলে ওই আদায়কারী বলেন, "আমরা টোল চাইতে গেলেই স্থানীয় চালক ও তাদের পেছনে থাকা প্রভাবশালীরা আমাদের ওপর চড়াও হয়। স্থানীয় সিএনজি চালকদের কাছ থেকে টোল চাইতে গেলে তারা সরাসরি হুমকি দিয়ে বলে–'দ্বিতীয়বার সিএনজির সামনে পড়লে আচ্ছা করে পিটিয়ে দেব।' আমরা এখানে চরম নিরাপত্তাহীনতায় ডিউটি করছি।"

তিনি আরও জানান, চাঁদপুর সদর বা অন্য দূরবর্তী থানা এলাকা থেকে আসা প্রায় ২০০টি সিএনজি থেকে সাড়ে ৬ ঘন্টায় ১০ টাকা করে মোট ২ হাজার টাকা আদায় করা সম্ভব হয়েছে। সরকারি নিয়ম ২০ টাকা হলেও বহিরাগত চালকেরাও জোরপূর্বক ১০ টাকা দিয়ে চলে যায়। নির্ধারিত ২০ টাকা দাবি করলেই আদায়কারীদের সাথে শুরু হয় ঝগড়া ও বাগবিতণ্ডা।

সরকারি রাজস্ব ফাঁকি ও প্রকাশ্য হুমকির এই বিষয়টি নিয়ে টোল আদায়কারীরা চাঁদপুর নদী বন্দর ও পরিবহন বিভাগের উপপরিচালককে মৌখিক ভাবে অবহিত করলেও বিষয়টি সুরাহা না হওয়ায় প্রতিদিন বিপুল পরিমাণ সরকারি রাজস্ব হারাচ্ছে সরকার, আর আতঙ্কে দিন কাটাচ্ছেন সাধারণ টোল আদায়কারীরা।

জানতে চাইলে চাঁদপুর নদী বন্দর ও পরিবহন বিভাগের উপপরিচালক মোঃ কামরুজ্জামান চাঁদপুর দিগন্তকে বলেন এটা ধীরে-ধীরে ঠিক হয়ে যাবে। আমরা এ বিষয়ে সিএনজি ও অটোরিকশা মালিক সমিতির সাঠে কথা বলেছি। একটু সময় লাগবে।

দেশের শ্রেষ্ঠ সমবায়ী

আলমগীর এর কাছ থেকে তিনি আনুষ্ঠানিকভাবে এই পদক গ্রহণ করেন। শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে মো. জসিম উদ্দিনকে সম্মাননা স্মারক, চেক ও ক্রেস্ট প্রদান করা হয়।

সমবায় খাতে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ মো. জসিম উদ্দীন এর আগেও ২০০৮ সালে শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে জাতীয় সমবায় পুরস্কার অর্জন করেছিলেন। দীর্ঘ দুই দশকেরও বেশি সময় ধরে তিনি সমবায় আন্দোলনের সঙ্গে সক্রিয়ভাবে সম্পৃক্ত রয়েছেন। বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টি, নতুন উদ্যোক্তা তৈরি, দারিদ্র্য বিমোচন এবং সমবায়ভিত্তিক অর্থনৈতিক কর্মকাণ্ড সম্প্রসারণে তিনি মাঠপর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। এ বছর সমবায় অধিদপ্তর কর্তৃক আয়োজিত সমবায় দিবসের মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে– 'করবো সমবায়, গড়বো দেশ। সবার জন্য বাংলাদেশ'।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর সমবায় আন্দোলনকে পুনরুজ্জীবিত করা, সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি, উৎপাদিত পণ্য বাজারজাতকরণে কার্যকর উদ্যোগ গ্রহণ এবং প্রয়োজনীয় আইন সংশোধনের আহ্বান জানান। তিনি দুঃখ প্রকাশ করে বলেন, সমবায় সমিতিগুলোর মধ্যে দুর্নীতির কারণে বেশিরভাগ সমিতি নষ্ট হয়ে গেছে এবং তাদের কার্যক্রম দুর্বল হয়ে পড়েছে। হাতে গোনা কয়েকটি সমিতি মাত্র সফলভাবে কাজ করছে। সমবায় আন্দোলনকে সফল করতে হলে এই সংগঠনগুলোকে সবার আগে দুর্নীতিমুক্ত করতে হবে।

ইতিহাসের কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশে সমবায় আন্দোলনের দীর্ঘ ও গৌরবময় ইতিহাস রয়েছে। স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সমবায়কে অত্যন্ত গুরুত্ব দিয়েছিলেন এবং তার স্বনির্ভর বাংলাদেশ গড়ার উদ্যোগের সঙ্গে সমবায়কে সম্পৃক্ত করেছিলেন। তিনি ষাটের দশকে সমবায় আন্দোলনের পথিকৃৎ ড. আখতার হামিদ খানকে বার্ডের মহাপরিচালক হিসেবে দায়িত্ব দিয়ে সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়েছিলেন। একই সাথে তিনি সমবায় উন্নয়নে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার উল্লেখযোগ্য অবদান ও কার্যক্রম তুলে ধরেন এবং বর্তমান সরকারের নেতৃত্বে সমবায় খাত আরও দ্রুত গতিশীল হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

রাষ্ট্রপতি আরও বলেন, বর্তমানে এনজিওগুলোর সাথে প্রতিযোগিতা করে সমবায় প্রতিষ্ঠানগুলোকে টিকে থাকতে হচ্ছে। তাই সমবায় সমিতিগুলো যেন প্রতিযোগিতার সক্ষমতা অর্জন করতে পারে, সেজন্য বিদ্যমান সমবায় সংশ্লিষ্ট আইন সংশোধন ও যুগোপযোগী করার ব্যবস্থা নিতে হবে। বিশেষ করে সমবায়ভিত্তিক কোম্পানি তৈরি করে উৎপাদিত পণ্যের সঠিক বাজারজাতকরণের ঘাটতি দূর করতে হবে। দেশের সার্বিক উন্নয়নে ও সব চক্রান্ত মোকাবিলা করে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি সমবায়ীদের প্রতি আহ্বান জানান।

৫৫তম জাতীয় সমবায় দিবস ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এ কে এম সেলিম রেজা হাবিব, মন্ত্রণালয়ের সচিব ড. রফিকুল ই মোহামেদ এবং বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের সভাপতি মো. আবদুস সালাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক সেলিম ফকির। অনুষ্ঠানের শুরুতে মহামান্য রাষ্ট্রপতি অনুষ্ঠানস্থলে পৌঁছে সমবায়ীদের উৎপাদিত বিভিন্ন পণ্যের স্টল পরিদর্শন করেন এবং পরে সফল সমবায়ী ব্যক্তি ও প্রতিষ্ঠানের প্রতিনিধিদের হাতে স্বর্ণপদক ও ক্রেস্ট তুলে দেন।





অনলাইনে চাঁদপুরের ইলিশ বিক্রিতে

দিয়ে ৩০ নভেম্বরের মধ্যে লাইসেন্স সংগ্রহ করতে হবে।

চাঁদপুরের জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান বলেন, "লাইসেন্সের আওতায় আনা হলে চাঁদপুরের ইলিশ বিক্রির নামে প্রতারণার সুযোগ অনেকটাই বন্ধ হবে। এ লক্ষ্যে অনলাইনে ইলিশ বিক্রেতাদের নিবন্ধনের ব্যবস্থা নেওয়া হয়েছে।"

বিজ্ঞপ্তিতে বলা হয়, চাঁদপুরের ইলিশের স্বাদ ও সুনাম অক্ষুণ্ণ রাখা, মূল্য নিয়ন্ত্রণ ও জেলার পরিচিতি সমুন্নত রাখতে এ উদ্যোগ নেওয়া হয়েছে। অনলাইনে ইলিশ বিক্রির নামে ভুয়া ফেইসবুক পেজ খুলে আকর্ষণীয় বিজ্ঞাপন দিয়ে দেশের বিভিন্ন প্রান্তের ক্রেতাদের সঙ্গে অর্থ আত্মসাৎ ও হয়রানির অভিযোগ পাওয়ায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

অনলাইনে ইলিশ বিক্রির নামে প্রতারণার ঘটনায় এরইমধ্যে পুলিশ পদক্ষেপ নিয়েছে জানিয়ে চাঁদপুরের পুলিশ সুপার মো. মিজানুর রহমান বলেন, এ সংক্রান্ত সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ১১ জনকে গ্রেপ্তার করে কারাগারে পাঠানো হয়েছে।

কচুয়ায় আ'লীগের ১১

শনিবার রাতে বিভিন্ন এলাকা থেকে গ্রেপ্তার করা হয়। আইনি প্রক্রিয়া শেষে রোববার তাদের চাঁদপুরের বিজ্ঞ আদালতে পাঠানো হয়েছে।

হাজীগঞ্জে পানিতে ডুবে

শ্রীপুর গ্রামে এ ঘটনা ঘটে। মারা যাওয়া শিশু ওই গ্রামের পশ্চিম শ্রীপুর পঞ্চায়েত বাড়ির মাহবুব আলমের ছেলে। শিশুটির মৃত্যুতে পরিবারের সদস্য, নিকট আত্মীয়-স্বজনের মাঝে শোকের ছায়া নেমে আসে।

জানা গেছে, এদিন সকালে নিজ বাড়ির উঠানেই খেলাধূলা করছিল শিশু তাহিম। এরপর বেশ কিছুক্ষণ দেখতে না পেয়ে পরিবার ও বাড়ির লোকজন তাকে খুঁজতে বের হয়। খোঁজাখুঁজির একপর্যায়ে নিজ বাড়ির পুকুরের পানিতে শিশুটিকে ভাসতে দেখে তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষ-নিরিক্ষা শেষে শিশুটিকে মৃত ঘোষণা করেন।

নিহত শিশুর প্রতিবেশী রকিবুল ইসলাম রাকিব জানান, জানতে পেরেছি সকালে ঘুম থেকে উঠে অন্যান্য শিশুদের সাথেই বাড়ির উঠানো খেলাধূলা করছিল শিশু তানিম হোসেন তাহিম। খেলাধূলার এক ফাঁকে হয়তো সকলের অগোচরে শিশুটি পুকুরের গিয়ে পানিতে তলিয়ে যায় এবং সাঁতার না জানায় সে পানিতে ডুবেই মারা যায়।

নিহতের বিষয়টি নিশ্চিত করে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্ত ডা. আহমেদ তানভীর হাসান জানান, হাসপাতালে নিয়ে আসার পূর্বে শিশু তাহিম মারা গেছে। তিনি বলেন, যেসব শিশুরা সাঁতার জানেনা, সেসব পারিবারের সদস্যদের আরো বেশি সর্তকতা ও সচেতন থাকতে হবে।

মবের বিরুদ্ধে সরকারের

পুলিশ সুপার এবং প্রয়োজনে তাঁকে অবহিত করার পরামর্শ দেন তিনি।

রোববার (৮ নভেম্বর) বেলা সাড়ে ১১টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চাঁদপুর জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শেখ ফরিদ আহমেদ মানিক এমপি বলেন, ডিসেম্বর মাস উপলক্ষে সবাইকে সতর্ক থাকতে হবে। আমাদের এতো পুলিশ নেই যে জনে জনে পাহারা দিবো। তাই সবাইকে সতর্ক অবস্থায় থাকতে হবে জানুয়ারি মাস পর্যন্ত। সবাই মিলে একটি সুন্দর চাঁদপুর তৈরি করার চেষ্টা করবো।

মব-সন্ত্রাস প্রসঙ্গে শেখ ফরিদ আহমেদ মানিক বলেন, মবের বিরুদ্ধে সরকারের অবস্থান জিরো টলারেন্স। কোনো ব্যক্তি বা গোষ্ঠী আইন নিজের হাতে তুলে নিতে পারবে না। অপরাধের অভিযোগ থাকলে তা প্রচলিত আইনের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রশাসনকে এ বিষয়ে কঠোর অবস্থানে থাকতে হবে।

মাদক নিয়ন্ত্রণের বিষয়ে তিনি বলেন, চাঁদপুরের বিভিন্ন গুচ্ছগ্রাম মাদকের অভয়ারণ্যে পরিণত হচ্ছে বলে অভিযোগ রয়েছে। এসব এলাকায় মাদক কেনাবেচা ও সেবনের বিষয়ে বিশেষ নজর দিতে হবে। মাদকের বিস্তার রোধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নিয়মিত অভিযান পরিচালনার পাশাপাশি স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের কোন পরিচায় নেই।

তিনি আরো বলেন, আগুনে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়াতে তাৎক্ষণিকভাবে দুই বান টিন ও ছয় হাজার টাকা সহায়তা দেয়া হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তাদের উদ্দেশে তিনি বলেন, সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে টিন এবং জেলা পরিষদের মাধ্যমে ঘর নির্মাণের ব্যবস্থা করা হয়। অসহায় ও ক্ষতিগ্রস্ত মানুষের পুনর্বাসনে সরকারি সহায়তা যথাযথভাবে পৌঁছে দিতে হবে।

বাল্যবিবাহ প্রতিরোধের বিষয়ে সংসদ সদস্য বলেন, চরাঞ্চলগুলোতে বাল্যবিবাহের প্রবণতা তুলনামূলক বেশি। বিশেষ করে চাঁদপুর সদর উপজেলার রাজরাজেশ্বর ও ইব্রাহীমপুর এবং হাইমচর উপজেলার নীলকমল ইউনিয়নে এ প্রবণতা রয়েছে। বাল্যবিবাহ প্রতিরোধে স্থানীয় প্রশাসনের পাশাপাশি জনপ্রতিনিধি, গ্রাম পুলিশ ও দফাদারদের সক্রিয়ভাবে কাজে লাগাতে হবে।

তিনি আরো বলেন, এসবি খাল উদ্ধার যে কোনো মূল্যে করতে হবে। আমরা মেঘনা নদীকে বুড়িগঙ্গা নদী বানাবো কিনা? নদীতে সকল বজ্য ফেলানো থেকে বিরত থাকতে হবে। আমরা মেঘনা নদীর পানি সবাই ব্যবহার করি। যারা বাড়ি তৈরি করছে তাদের বাড়িতে সোকয়েল ও স্যাপ্টি ট্যাংকি বাধ্যতামূলক। ড্রেনে পানি যাবে গোসল করা, হাত ধোয়া ও রান্না-বান্নার পানি। নদী বাঁচালে আমাদের জীবন বাঁচবে।

তিনি আরো বলেন, পাসপোর্ট অফিসে আশপাশের অবৈধ দোকান থেকে দালিলি হচ্ছে। এখনো পাসপোর্ট অফিসের ভিতরে দালালদের আনাগোনা হচ্ছে। এখনো পাসপোর্ট অফিসে মানুষ ভোগান্তির সীকার হচ্ছে। আপনার অফিস দালালমুক্ত করুন, মানুষকে সেবা দিন। আমরা দূনীর্তিকে কোনভাবেই প্রশয় দিবো না।

জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের সভাপতিত্বে সভায় বিগত মাসের কার্যবিবরণী পাঠ করেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা।

সভায় আরও বক্তব্য রাখেন- পুলিশ সুপার মো. মিজানুর রহমান, জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট সলিম উল্যা সেলিস, সিভিল সার্জন ডা. মোহাম্মদ নুর আলম দীন, চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি সোহেল রুশদী, চাঁদপুর চেম্বার অব কমার্সের সভাপতি সুভাষ চন্দ্র রায়, জেলা মৎস্য কর্মকর্তা লুৎফর রহমান, জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মো. নজরুল ইসলাম, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাছিমা আক্তার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. মিজানুর রহমান, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চাঁদপুরের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান, আঞ্চলিক পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক মো. বজলুর রশিদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা, হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম, শাহরাস্তি উপজেলা নির্বাহী কর্মকর্তা মনিরা খাতুন, চাঁদপুর রেলওয়ে পুলিশের অফিসার ইনচার্জ খন্দকার জসিম উদ্দিন, জেলা বিএনপির সহসভাপতি খলিলুর রহমান গাজী ও বীর মুক্তিযোদ্ধা মজিবুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন চাঁদপুর পৌরসভার প্রশাসক দেবাশীষ চৌধুরী, জেলা কারাগারের জেল সুপার মো. জয়নাল, পরিবেশ অধিদপ্তর চাঁদপুরের উপপরিচালক মো. মিজানুর রহমান, জেলা বিএনপির সহসভাপতি ফেরদৌস আলম বাবু ও ডি এম শাহাজাহান, পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝিসহ বিভিন্ন সরকারি দপ্তরের প্রধান, প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

ফরিদগঞ্জে আ'লীগের ৮ নেতাকর্মী

যায়, সীমান্তবর্তী ও সংবেদনশীল বিভিন্ন এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে নাশকতা ও সন্ত্রাসী কর্মকাণ্ডের সঙ্গে জড়িত থাকার অভিযোগে এই আটজনকে আটক করা হয়। পরে তাদের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে নিয়মিত মামলা দায়ের করে রবিবার দুপুরে আদালতে সোপর্দ করা হয়েছে।

এ বিষয়ে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ এরশাদ উল্ল্যাহ জানান, আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক রাখতে এবং যেকোনো ধরনের গোপন নাশকতা ও অপ্রীতিকর ঘটনা ঠেকাতে আমাদের এই বিশেষ অভিযান অব্যাহত রয়েছে। অপরাধীদের আইনের আওতায় আনতে এবং জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ সবসময় কঠোর ও সতর্ক অবস্থানে রয়েছে।

চাঁদপুরে জটিল রোগে আক্রান্ত

মানিক। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এমপি শেখ ফরিদ আহমেদ মানিক বলেন, "অসুস্থতা মানুষের জীবনের একটি কঠিন বাস্তবতা। বিশেষ করে ক্যানসার, কিডনি ও হৃদরোগের মতো জটিল রোগে আক্রান্ত হয়ে চিকিৎসা চালিয়ে যাওয়া অনেক দরিদ্র পরিবারের পক্ষে অসম্ভব হয়ে পড়ে। সরকার অসহায় মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যেই এই অনুদান প্রদান করছে। প্রাপ্ত অর্থ যথাযথভাবে চিকিৎসায় ব্যয় করতে হবে।" পাশাপাশি সমাজের বিত্তবানদেরও অসহায় রোগীদের চিকিৎসায় এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মো. মিজানুর রহমান, জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক মো. নজরুল ইসলাম, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদীসহ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও স্থানীয় সুধীজন।

জাতীয় সংসদ চত্বরকে

মাহমুদ চৌধুরী, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল, চিফ হুইপ মো. নূরুল ইসলাম মনি, আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান, এ টি এম আজহারুল ইসলাম এবং বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম অংশ নেন।

বৈঠকে জাতীয় সংসদে সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপনের অগ্রগতি সম্পর্কে প্রধানমন্ত্রী জানতে চান। এ সময় সংশ্লিষ্ট উপকমিটির আহ্বায়ক ও ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল জানান, সৌরবিদ্যুতের মাধ্যমে ৭ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হবে। এর মধ্যে অধিবেশন চলাকালে প্রায় ৬ মেগাওয়াট এবং অন্য সময়ে আরও কম বিদ্যুৎ চাহিদা মেটানোর পাশাপাশি অবশিষ্ট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হবে।

পরে সংসদ চত্বরে উৎপাদিত সৌরবিদ্যুৎ সংরক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা বা এনার্জি স্টোরেজ সুবিধা রাখার সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করেন প্রধানমন্ত্রী।

চাঁদপুর রেলওয়ে হকার্স মার্কেটে

করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চাঁদপুরের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান।

জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে প্রতিষ্ঠান দুটি স্বেচ্ছায় পরিশোধ করে। পাশাপাশি ভবিষ্যতে এ ধরনের অনিয়ম না করার অঙ্গীকার করে প্রতিষ্ঠানগুলোর কর্তৃপক্ষ।

ভোক্তাদের স্বার্থ সংরক্ষণ ও বাজারে পণ্যের মান এবং মূল্য নিয়ন্ত্রণে জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

বাংলাদেশে মানবাধিকার মিশনের

কাছে পরিচয়পত্র পেশ করেন।

সাক্ষাতে সাবিনে লাউবারকে স্বাগত জানিয়ে দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী। এ সময় তিনি ওএইচসিএইচআরের সঙ্গে গঠনমূলকভাবে কাজ করার বিষয়ে বাংলাদেশ সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। হুমায়ুন কবির বলেন, গণতন্ত্র শক্তিশালী করা, সুশাসন ও আইনের শাসন প্রতিষ্ঠা এবং মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতাসহ মানবাধিকার ও মৌলিক স্বাধীনতা সুরক্ষা সরকারের অগ্রাধিকার। পাশাপাশি আইনি ও প্রাতিষ্ঠানিক সংস্কারের মাধ্যমে শক্তিশালী প্রতিষ্ঠান গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

সাক্ষাতে জাতিসংঘের বিশেষ পদ্ধতির ম্যান্ডেটধারীদের সঙ্গে বাংলাদেশের চলমান সম্পৃক্ততা নিয়েও আলোচনা হয়। এ ছাড়া মিয়ানমারের মানবাধিকার পরিস্থিতি এবং শিক্ষার অধিকারবিষয়ক জাতিসংঘের বিশেষ প্রতিবেদকদের সম্ভাব্য বাংলাদেশ সফর নিয়েও মতবিনিময় করেন তারা।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশে ওএইচসিএইচআরের কর্মসূচি ও কার্যক্রম যেন সরকারের অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ থাকে, তা নিশ্চিত করতে হবে। বাংলাদেশে দায়িত্ব পালনে সাবিনে লাউবারকে সরকারের পক্ষ থেকে পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন তিনি।

জবাবে সাবিনে লাউবার বাংলাদেশ সরকারের গঠনমূলক সম্পৃক্ততার প্রশংসা করেন। মানবাধিকার সুরক্ষা ও উন্নয়ন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করার ক্ষেত্রে বাংলাদেশের উদ্যোগে সহযোগিতার আগ্রহ প্রকাশ করেন তিনি। দায়িত্ব পালনকালে নিজের অগ্রাধিকার ও পরিকল্পিত কার্যক্রম তুলে ধরার পাশাপাশি সরকারের সঙ্গে নিয়মিত সংলাপ ও সহযোগিতা অব্যাহত রাখার ওপর গুরুত্ব দেন তিনি।

উল্লেখ্য, বাংলাদেশ সরকার ও জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের কার্যালয়ের মধ্যে ২০২৫ সালের জুলাইয়ে স্বাক্ষরিত তিন বছর মেয়াদি সমঝোতা স্মারকের আওতায় বাংলাদেশে ওএইচসিএইচআরের মিশন প্রতিষ্ঠিত হয়। সাবিনে ম্যাগডালেনা লাউবার এ মিশনের প্রথম প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

পূর্ণ সদস্য নির্বাচিত

নির্বাচিত হওয়া আমার জন্য অত্যন্ত সম্মানের ও দায়িত্বের বিষয়। আমি মনে করি, এ দায়িত্বের মাধ্যমে বাংলাদেশের উচ্চশিক্ষা ব্যবস্থার অর্জন, সম্ভাবনা ও অভিজ্ঞতা আন্তর্জাতিক পরিসরে তুলে ধরার সুযোগ তৈরি হয়েছে। একই সঙ্গে এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে জ্ঞান বিনিময়, গবেষণা এবং আন্তর্জাতিক সহযোগিতা সম্প্রসারণে কাজ করার সুযোগ পাব। বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তার এই যুগে উচ্চশিক্ষার গুণগত মান ও ভবিষ্যৎ উপযোগী শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে সম্মিলিত উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

উল্লেখ্য, ১৯৫০ সালে ইউনেস্কোর পৃষ্ঠপোষকতায় প্রতিষ্ঠিত ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ইউনিভার্সিটিজ বিশ্বের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর একটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সংগঠন। উচ্চশিক্ষার মানোন্নয়ন, আন্তর্জাতিক সহযোগিতা সম্প্রসারণ, একাডেমিক মূল্যবোধ সমুন্নত রাখা এবং বিশ্ববিদ্যালয়গুলোর সমসাময়িক চ্যালেঞ্জ মোকাবিলায় সংগঠনটি কাজ করে। বিশ্বের ১২০টিরও বেশি দেশের প্রায় ৬০০ সদস্যপ্রতিষ্ঠান এ সংগঠনের সঙ্গে যুক্ত। উচ্চশিক্ষানীতি প্রণয়ন, বিশ্ববিদ্যালয় নেতৃত্বের মধ্যে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় এবং বৈশ্বিক একাডেমিক সহযোগিতা জোরদারে আইএইউ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের প্রতিনিধি হিসেবে অধ্যাপক ড. এম. আর. কবিরের এ নির্বাচন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির আন্তর্জাতিক অঙ্গনে সম্পৃক্ততার পাশাপাশি বাংলাদেশের উচ্চশিক্ষা খাতের জন্যও একটি তাৎপর্যপূর্ণ অর্জন। এর মাধ্যমে আন্তর্জাতিক উচ্চশিক্ষা নীতিনির্ধারণ, একাডেমিক সংলাপ এবং বৈশ্বিক সহযোগিতা সম্প্রসারণে বাংলাদেশের প্রতিনিধিত্বের সুযোগ আরও সুদৃঢ় হবে।

এ অর্জন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির আন্তর্জাতিক অংশীদারত্ব বৃদ্ধি, মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ এবং বৈশ্বিক উচ্চশিক্ষায় সক্রিয় ভূমিকা রাখার অঙ্গীকারকে আরও এগিয়ে নেবে বলে আশা করা হচ্ছে। বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. এম. আর. কবিরকে আন্তরিক অভিনন্দন জানানো হয়েছে।

বৈশ্বিক প্রতিযোগিতায় টিকতে

গুরুত্ব দিতে হবে। এ সময়ে তিনি শিক্ষকদের আরো উন্নত মানের গবেষণায় গুরুত্ব দেয়ার আহ্বান জানান।

রোববার বগুড়ায় পল্লী উন্নয়ন একাডেমিতে (আরডিএ) জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) আয়োজিত ৪৫তম বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত হয়ে বক্তৃতাকালে তিনি একথা বলেন।

শিক্ষামন্ত্রী আরো বলেন, আগামী দিনের শিক্ষা ব্যবস্থা একটি বৈশ্বিক চ্যালেঞ্জ। আমাদেরকে এই চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে। এজন্য শিক্ষাব্যবস্থায় আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) এর ব্যবহার বৃদ্ধি করতে হবে। এআই-এর যেন অপব্যবহার না হয় সেদিকেও সজাগ থাকতে হবে।

তিনি বলেন, শিক্ষাব্যবস্থার উন্নয়নে সরকার শিক্ষাকে আনন্দময় করে তুলতে কাজ করছে। তাই, শিক্ষকদেরও আনন্দময় পরিবেশে পাঠদান করতে হবে। তিনি শিক্ষকদের প্রশিক্ষণ কারিকুলামকে যুগোপযোগী করে তুলতে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), ও তথ্য-প্রযুক্তির ব্যবহার আরো বৃদ্ধির আহ্বান জানান।

এ সময় তিনি শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়ন ও আগামীর বাংলাদেশ গড়তে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

আমন মৌসুমে সাড়ে

হবে। অন্যদিকে, ১ ডিসেম্বর থেকে চাল সংগ্রহ শুরু হবে। ৪৯ টাকা কে.জি. দরে ৫ লাখ মেট্রিক টন সিদ্ধ চাল এবং ৪৮ টাকা কে.জি. দরে ৫০ হাজার মেট্রিক টন আতপ চাল কেনা হবে। ধান ও চাল সংগ্রহ কার্যক্রম চলবে ২০২৭ সালের ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত। গত আমন মৌসুমে সরকার প্রতি কে.জি. ৩৪ টাকা দরে ১ লাখ ৫৩ হাজার মেট্রিক টন ধান সংগ্রহ করেছিল। তখন সিদ্ধ চালের দাম ছিল কেজিপ্রতি ৫০ টাকা এবং আতপ চালের দাম ৪৯ টাকা। ওই মৌসুমে মোট ৯ লাখ মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়।

এবার গত বছরের তুলনায় ধানের সংগ্রহমূল্য কেজিতে এক টাকা বাড়ানো হয়েছে। অন্যদিকে, সিদ্ধ ও আতপ চালের দাম কেজিপ্রতি এক টাকা করে কমানো হয়েছে। ধান সংগ্রহের লক্ষ্যমাত্রাও গত বছরের তুলনায় বাড়ানো হয়েছে।

প্রথম ধাপে ১ হাজার ৫০ ইউপিতে

(ইভিএম) ব্যবহার না করার সিদ্ধান্ত নিয়ে সেগুলোর চূড়ান্ত হিসাব-নিকাশ ও নিষ্পত্তির কাজ শুরু করেছে কমিশন।

রোববার, ৮ নভেম্বর নির্বাচন ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ইসি সচিব আখতার আহমেদ সাংবাদিকদের এসব তথ্য জানান।

সংবাদ সম্মেলনে ইসি সচিব জানান, যেসব ইউপির মেয়াদ উত্তীর্ণ হয়ে ভোটের উপযোগী হয়েছে, সেগুলোকে অগ্রাধিকার দিয়ে প্রথম ধাপের তালিকা প্রস্তুত করা হচ্ছে। তিনি জানান, প্রথম ও দ্বিতীয় ধাপে দেশের বেশির ভাগ ইউপির নির্বাচন শেষ করার ইচ্ছা রয়েছে কমিশনের। তৃতীয় ও চতুর্থ ধাপে ইউপির সংখ্যা তুলনামূলক কম থাকবে।

প্রশাসনিক সুবিধার জন্য এক উপজেলার অধীন সব কটি ইউপিতে একই দিনে ভোট গ্রহণ করা হবে। বর্তমানে মামলার জট বা সীমানা জটিলতা আছে কি না–তা যাচাই-বাছাইয়ের জন্য মাঠ পর্যায়ে প্রাথমিক তালিকা পাঠানো হয়েছে। আগামী বৃহস্পতিবারের মধ্যে তালিকা চূড়ান্ত হতে পারে।

ইসি সচিব জানান, আগামী নির্বাচনে ইভিএম ব্যবহার করা হবে না। এগুলো ডিসপোজাল করতে ফাইনাল স্টক টেকিং শুরু হয়েছে। কোন পদ্ধতিতে ডিসপোজ করা হবে, সে বিষয়ে সুপারিশ পাওয়ার পর জানানো হবে। নির্বাচনে তিন ধরনের কাগজের ব্যালট পেপার ছাপানোসহ আনুষঙ্গিক সব নির্বাচনি সামগ্রীর প্রস্তুতি নেয়া হচ্ছে।

শিল্পাঞ্চলের নিরাপত্তা নিশ্চিতে

থেকে প্রযুক্তিনির্ভর ব্যবস্থার মাধ্যমে মাঠপর্যায়ের কার্যক্রম ও লাইভ ফুটেজ সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হচ্ছে। একই সঙ্গে বিজিবি সদস্যরা স্থানীয় প্রশাসন ও পুলিশের সঙ্গে সমন্বয় করে সতর্ক অবস্থানে থেকে দায়িত্ব পালন করছেন। শিল্পাঞ্চলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা, জনসাধারণের জানমালের সুরক্ষা এবং স্বাভাবিক কর্মপরিবেশ বজায় রাখতে বিজিবির নজরদারি কার্যক্রম অব্যাহত রয়েছে।

মতলব উত্তরে জাতীয়

বিএনপির সহ-সভাপতি এস এম জাহাঙ্গীর, উপজেলা প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাংবাদিক সফিকুল ইসলাম রানা, উপজেলা সেচ্ছাসেবক দলের নেতা শাহাদাৎ হোসেন, সমবায় মহিলা সদস্য পারুল বেগম প্রমুখ। ইউএনও মাহমুদা কুলসুম মনি বলেন বলেন, সমবায় আন্দোলন কেবল অর্থনৈতিক মুক্তির মাধ্যম নয়, এটি পারস্পরিক সহযোগিতা ও ঐক্যের প্রতীক। বর্তমান সরকারের লক্ষ্য বাস্তবায়নে এবং দেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সমবায় সমিতির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

দেশ ও জনগণের কল্যাণে

৭ই নভেম্বর বাংলাদেশের ইতিহাসে অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও অবিস্মরণীয় একটি দিন। ১৯৭১ সালের রক্তক্ষয়ী সংগ্রাহের পর ১৯৭৫ সালের এই দিনে সিপাহি-জনতার ঐতিহাসিক বিপ্লব ও সংহতির মধ্য দিয়ে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতীয় ঐক্য রক্ষা পেয়েছিল। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সেদিনের ক্রান্তিলগ্নে শক্ত হাতে হাল ধরে দেশকে সুসংগঠিত করেছিলেন।পৌর বিএনপির সাবেক সভাপতি হারুনুর রশিদ এর সভাপতিত্বে ও উপজেলা যুবদল নেতা আমির হোসেন খানের পরিচালনায় বক্তব্য রাখেন ফরিদগঞ্জ ডিগ্রি কলেজের সাবেক ভিপি সিরাজুল ইসলাম পাবক, চাঁদপুর জেলা যুবদলের সদস্য ও উপজেলা যুবদলের সাবেক সদস্য সচিব মো. আব্দুল মতিন, রূপসা উত্তর ইউনিয়নের বিএনপির সাবেক সভাপতি বিল্লাল ভূঁইয়া, পৌর স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক এমরান হোসেন স্বপন, ফরিদগঞ্জ দক্ষিণ ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক শাহজাহান গাজী, ছাত্রদল নেতা তানজিল গাজী, জুম্মন পাঠান প্রমুখ।

হাইমচরে জাতীয় সমবায়

মোঃ মানছুর আহমেদ, উপজেলা সহকারী মৎস্য অফিসার মোঃ মাহবুব রশিদ। দিবসটি উপলক্ষে আয়োজিত বর্ণাঢ্য র‌্যালিতে উপজেলা প্রশাসনের কর্মকর্তা, সমবায় বিভাগের প্রতিনিধিসহ বিভিন্ন সমবায় সমিতির সদস্যরা অংশগ্রহণ করেন। র‌্যালিটি উপজেলার গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে নির্ধারিত স্থানে গিয়ে শেষ হয়। পরে আয়োজিত আলোচনা সভায় সমবায়ের গুরুত্ব, আর্থসামাজিক উন্নয়নে সমবায়ের ভূমিকা এবং সমবায়ভিত্তিক কার্যক্রমের মাধ্যমে স্বাবলম্বী সমাজ গঠনের বিভিন্ন দিক তুলে ধরা হয়। ?বক্তারা বলেন, সমবায় আন্দোলন দেশের অর্থনৈতিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমবায়ের আদর্শ ও উদ্দেশ্য বাস্তবায়নে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তাঁরা। ?অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন সমবায় সমিতির নেতৃবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

‘পরাজিত ব্যক্তি’ বলায় রেগে

হয়েছেন। এছাড়া কানসানের ভোটাররা ১৯৩২ সালের পর প্রথমবারের মতো একজন ডেমোক্রেটিক সিনেটর নির্বাচিত করেছেন। উত্তর ক্যারোলাইনা, দক্ষিণ ক্যারোলাইনা ও আইওয়াতেও নিয়ন্ত্রণ হারিয়েছে রিপাবলিকানরা।

কচুয়ায় জাতীয় সমবায়

সমবায়ী, সরকারি কর্মকর্তা এবং সামাজিক ও পেশাজীবী সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন। পরে অনুষ্ঠিত আলোচনা সভায় সমবায়ের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও সামাজিক অগ্রগতির বিভিন্ন দিক তুলে ধরা হয়।
সভায় বক্তব্য দেন উপজেলা কৃষি কর্মকর্তা তপু আহমেদ, বিআরডিবির চেয়ারম্যান মো. বিল্লাল হোসেন মজুমদার, উপজেলা সমবায় কর্মকর্তা মো. বিল্লাল হোসেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত রেজিস্ট্রার মোহাম্মদ শাহআলম বিপু, কচুয়া প্রেসক্লাবের সভাপতি আতাউল করিম, বীর মুক্তিযোদ্ধা দেওয়ান মাস্টার সিরাজুল ইসলাম, মো. জিয়াউদ্দিন মজুমদার, মানিক সরকার ও রাজীব চন্দ্র শীলসহ অন্যরা।
অনুষ্ঠানে ২০২৫ সালের উপজেলা পর্যায়ের শ্রেষ্ঠ সমবায়ীদের সম্মাননা স্মারক দেওয়া হয়। সম্মাননা পান রেনেসাঁ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেডের সভাপতি মো. জিয়াউদ্দিন। এ ছাড়া শিক্ষিত বেকার সঞ্চয় সমবায় সমিতিকেও সম্মাননা ও স্বীকৃতি দেওয়া হয়।

জাতীয় বিপ্লব ও সংহতি

আব্দুল কুদ্দুছ মেহনতী, সাংগঠনিক সম্পাদক মোঃ খোরশেদ আলম কোতোয়াল, মোঃ আজিজুল হক বাবুল,উপজেলা যুবদলের আহ্বায়ক মোঃ জহিরুল ইসলাম মাঝি, সিনিয়র যুগ্ম-আহ্বায়ক আব্দুল মান্নান আখন, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মোঃ জহিরুল ইসলাম মিয়াজী,ওলামাদলের সাধারণ সম্পাদক মাওলানা মোঃ আলাউদ্দিন আনসারী, উপজেলা ছাত্রদলের সভাপতি মোঃ তানভীর গাজী, সাধারণ সম্পাদক ফয়েজ আহম্মেদ, যুগ্ম-সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী শামীমসহ উপজেলা, ইউনিয়ন, ওয়ার্ড পর্যায়ের বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।
?র‌্যালি শেষে সমাপনী বক্তব্যে উপজেলা বিএনপির সভাপতি মোঃ আমিন উল্লাহ বেপারী বলেন,যারা যারা দিনের বেলায় সপ্ন দেখে ওগো আপা আসতেছে ডিসেম্বরে আমরা কি ঘুমাইছি নাকি,এতো তাড়াতাড়ি তারা আমাদের সরিয়ে দিতে চায়! আপা আসবে, সরকারই আনবে খালেদা জিয়াকে যেখানে রাখছিল শেখ হাসিনাকে ও সেখানে রাখবে।আপনারা আজকে থেকে সজাগ থাকেন, আওয়ামী লীগের দোষর যাতে দেশে অশান্তি সৃষ্টি করতে না পারে।

মতলব উত্তরে জাতীয় বিপ্লব

উজ্জ্বল ফরাজী এবং চাঁদপুর জেলা যুবদলের সহ-সভাপতি খায়রুল হাসান বেনু প্রমুখ। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক রাশেদ জামান টিপু, সিনিয়র যুগ্ম আহ্বায়ক ফয়সল আহমেদ সোহেল, পৌর যুবদলের আহ্বায়ক উজ্জ্বল ফরাজী, সদস্য সচিব আরশাফুল আলম সরকার, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব আনিসুর রহমান, উপজেলা শ্রমিক দলের সভাপতি আব্দুল মালেক মোল্লা, সাধারণ সম্পাদক নাছির উদ্দিন মৃধা, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক নুরুল হুদা ফয়েজী, সদস্য সচিব জয়নাল পাটোয়ারী পিনু, পৌর ছাত্রদলের আহ্বায়ক শাকিল খান, সদস্য সচিব ফরহাদ হোসেনসহ উপজেলা ও বিভিন্ন ইউনিয়ন বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

শাহতলী কামিল মাদরাসায়

রুশদী। তিনি বলেন, ১৯০১ সালে শাহতলী কামিল মাদরাসা প্রতিষ্ঠা হয়েছে। এ মাদরাসার কার্যক্রম মক্তব দিয়ে শুরু হয়েছে। আমার দাদা মরহুম এটি আহমেদ হোসাইন রুশদী সাহেব ১৯৬২সালে কামিল প্রতিষ্ঠা করেছেন। এ মাদরাসা থেকে অসংখ্য শিক্ষার্থী দেশের গুরুত্বপূর্ণ পদে থেকে দেশের উন্নয়নে ভূমিকা রাখছেন? এ মাদরাটি অত্র অঞ্চল সহ দেশে শিক্ষার বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।
সভায় উপস্থিত ছিলেন, শাহতলী কামিল মাদরাসার উপাধ্যক্ষ মাওলানা মোহাম্মদ ইয়াছিন মিয়া, প্রধান মুহাদ্দিস মাওলানা আখতার হোসাইন, সহকারি অধ্যাপক মো: কামাল উদ্দিন, মাওলানা কামাল হোসাইন, মাওলানা এমদাদ উল্ল্যাহ, মোহাম্মদুল্লা, মো: বেলায়েত হোসেন মিজি, সিনিয়র শিক্ষক হাফেজ মাওলানা জহিরুল হক, মাওলানা মিজানুর রহমান, আরবি প্রভাষক মো: নাজির হোসাইন, সহকারি শিক্ষক মো: বাহাউদ্দিন, ইবতেদায়ী প্রধান মো: শরীফ মো: মোস্তফা খান, সহকারি শিক্ষক মো: আব্দুল হালিম গাজীসহ শিক্ষকবৃন্দ।
শুরুতেই মাদরাসার পক্ষ থেকে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের সহকারি পরিচালক (অর্থ) মোহাম্মদ শুকুর আলম মজুমদারকে ফুলেল শুভেচ্ছা জানান মাদরাসা গভর্নিং বডির সভাপতি ও চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদীসহ শিক্ষকবৃন্দগণ।





'২০২৯ সালের ভোটেই মোদী

থেকে সরে যাবেন। সভায় উপস্থিত জনতার উদ্দেশে বারবার তিনি প্রশ্ন করেন, ২০২৯ সালে মোদী ক্ষমতা হারাবেন কি না? তার এই প্রশ্নে প্রতিবাদীদের মধ্যে রীতিমতো উচ্ছ্বাস দেখা যায়। দীপকের দাবি, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগ প্রয়োজন। তিনি বলেন, "জ্ঞানেশ কুমারকে যেতে হবে। তিনি গেলে নরেন্দ্র মোদীও চলে যাবেন। অভিজিৎ দীপকে বলেন, "মুখ্য নির্বাচন কমিশনারকে রক্ষা করতে দেশের যুবসমাজের বিরুদ্ধে কার্যত যুদ্ধ করছে সরকার।" প্রধানমন্ত্রীর কাছে জ্ঞানেশ কুমার কেন এত গুরুত্বপূর্ণ সে প্রশ্নও তোলেন তিনি।
ভারতের রাজধানী দিল্লির যন্তর মন্তরে জাতীয় পতাকা নিয়ে প্রবেশ করার অভিযোগে সিজেপি নেতা সৌরভ দাস এবং আশুতোষ রানকার সঙ্গে দীপকে তার গ্রেপ্তারির প্রসঙ্গও তুলে ধরেন। তিনি বলেন, এরপর যেখানেই যাবেন, জাতীয় পতাকা সঙ্গে রাখবেন। তার কথায়, "এই তেরঙ্গা তোলার জন্য আমাকে জেলে পাঠানো হয়েছিল। আমার দুই ভাই সৌরভ ও আশুকেও জেলে পাঠানো হয়। ভারতে শেষবার এমন ঘটনা ঘটেছিল ব্রিটিশ শাসনের সময়। মোদী সরকারের সঙ্গে ব্রিটিশ শাসনের তুলনা টেনে দীপকের অভিযোগ, মানুষের স্বাধীনতা খর্ব করার চেষ্টা চলছে। দীপকে বলেন, "নরেন্দ্র মোদীকে বলতে চাই, দেশের প্রতিটি প্রান্তে আমি এই তেরঙ্গা নিয়ে যাব। দিল্লি, মহারাষ্ট্র, কেরালা কিংবা তামিলনাড়ু, যেখান থেকে ইচ্ছা আমাকে গ্রেপ্তার করুন। কিন্তু আমি আবার ফিরে এসে এই জাতীয় পতাকা তুলব। দীপকের আরও অভিযোগ, সরকার ধীরে ধীরে মানুষের খাদ্যাভ্যাস, বিয়ে ও ভালোবাসার স্বাধীনতা এবং ভোটদানের অধিকার নিয়ন্ত্রণ করতে চাইছে। এসআইআর প্রক্রিয়াকে নির্বাচনের ফল প্রভাবিত করার কাজে ব্যবহার করা হচ্ছে বলেও দাবি করেন তিনি।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
CHANDPUR AL-AMIN HOSPITAL
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৭১২১২৯৩২০
বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) ,এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইভ ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি) , বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস ,বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক) ,বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী,প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

এইচএসসি ফলাফল বিপর্যয়: কোথায় আমাদের শিক্ষাব্যবস্থার সংকট, উত্তরণের পথই বা কী?

মোঃ মকবুল হোসেন

২০২৬ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল নিয়ে নতুন করে ভাবার সময় এসেছে। ফলাফলের অবনতি কিংবা প্রত্যাশিত সাফল্য অর্জনে ব্যর্থতার ঘটনাকে কেবল শিক্ষার্থীদের অমনোযোগ, শিক্ষকদের ব্যর্থতা কিংবা শিক্ষা বোর্ডের সীমাবদ্ধতা হিসেবে দেখলে প্রকৃত সংকটের গভীরে পৌঁছানো সম্ভব নয়। বরং শিক্ষার্থী ভর্তি, পাঠদান, শিক্ষকের দক্ষতা, প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা, মূল্যায়ন পদ্ধতি এবং অভিভাবকদের সচেতনতা-সবকিছুকে সমন্বিতভাবে পর্যালোচনা করা জরুরি।
একটি শিক্ষাপ্রতিষ্ঠান কীভাবে শূন্য থেকে মানসম্মত শিক্ষার পরিবেশ তৈরি করে অল্প সময়ের মধ্যে জেলার সেরা প্রতিষ্ঠানে পরিণত হতে পারে, তার বাস্তব অভিজ্ঞতা রয়েছে চাঁদপুরের ঐতিহ্যবাহী আল-আমিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজের ইতিহাসে। সেই অভিজ্ঞতা বর্তমান শিক্ষাব্যবস্থার সংকট উত্তরণে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা হতে পারে।
আল-আমিন একাডেমীর কলেজ শাখার সূচনা ও সংগ্রামের ইতিহাস
ঐতিহ্যবাহী সামাজিক সংগঠন আল আমিন সোসাইটি কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত আল আমিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজ চাঁদপুরে কলেজ শাখার যাত্রা শুরু হয় ২০০২ সালে।
প্রতিষ্ঠানটির স্বপ্নদ্রষ্টা মরহুম অধ্যক্ষ আব্দুর রব স্যারের অনুপ্রেরণা ও উৎসাহে আমি নিজেও ভিন্ন কলেজের চাকরি ছেড়ে নতুন এই শিক্ষাপ্রতিষ্ঠানে যোগদান করি। আমার মতো আরও দুই-তিনজন শিক্ষক একইভাবে প্রতিষ্ঠানের ভবিষ্যৎ সম্ভাবনার প্রতি আস্থা রেখে এখানে যুক্ত হয়েছিলেন।
আমাদের যোগদানের আগেই অধ্যক্ষ মাহবুব স্যার স্কুল শাখার শিক্ষকদের সহযোগিতায় কলেজ শাখার কার্যক্রম এগিয়ে নেওয়ার উদ্যোগ গ্রহণ করেন। তাঁদের মধ্যে মরহুম আব্দুল আউয়াল পাটোয়ারী স্যারের নেতৃত্বে স্কুলের শিক্ষকদের আন্তরিক প্রচেষ্টায় প্রথম বছরই বিভিন্ন বিভাগে ৪১ জন শিক্ষার্থী ভর্তি করা সম্ভব হয়।
নতুন কলেজ হিসেবে তখন শিক্ষার্থীদের আকৃষ্ট করা সহজ ছিল না। এরপরও সীমিত সুযোগ-সুবিধা ও নানা প্রতিকূলতার মধ্যে দুই বছরের মাথায় চূড়ান্ত পরীক্ষার জন্য ৩৭ জন শিক্ষার্থীকে প্রস্তুত করা হয়। তাঁদের মধ্যে ৩১ জন উত্তীর্ণ হয়। পাসের হার ছিল প্রায় ৮৪ শতাংশ।
এটি ছিল একটি নবীন প্রতিষ্ঠানের জন্য আশাব্যঞ্জক সূচনা।
প্রথম দিকের শিক্ষার্থীদের মধ্যেই ছিলেন আফতাব উদ্দিন। স্কুল শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে তিনি ছিলেন তুলনামূলকভাবে পিছিয়ে থাকা একজন। এসএসসিতে তাঁর জিপিএ ছিল ৪.০০। কিন্তু কলেজে এসে এইচএসসিতে জিপিএ ৪.৬০ অর্জন করেন। পরবর্তী সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শেষ করে অস্ট্রেলিয়ায় উচ্চতর ডিগ্রি অর্জন করেন।
এই অভিজ্ঞতা আমাদের একটি গুরুত্বপূর্ণ শিক্ষা দেয়–একজন শিক্ষার্থীর প্রাথমিক ফলাফলই তার ভবিষ্যৎ সম্ভাবনার চূড়ান্ত মাপকাঠি নয়। সঠিক পরিচর্যা, উৎসাহ, মানসম্মত পাঠদান ও উপযুক্ত শিক্ষার পরিবেশ একজন শিক্ষার্থীর জীবনের গতিপথ বদলে দিতে পারে।
শিক্ষার্থী নির্বাচনে কৌশল পরিবর্তন, সাফল্যের নতুন দিগন্ত
প্রতিষ্ঠানের দ্বিতীয় বছরে অধ্যক্ষ আমাদের একটি গুরুত্বপূর্ণ নির্দেশনা দেন। তিনি বলেন, ভালো ফলাফল অর্জন করতে হলে মানসম্মত শিক্ষার্থী ভর্তি করানোর পাশাপাশি তাদের উপযোগী শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে হবে।
তাঁর নির্দেশনায় আমরা কয়েকটি দলে বিভক্ত হয়ে চাঁদপুর শহর ও বিভিন্ন উপজেলায় ভালো ফলাফল করা শিক্ষার্থীদের প্রতিষ্ঠানের প্রতি আকৃষ্ট করতে কাজ শুরু করি। বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করি। এর ইতিবাচক ফলও পাওয়া যায়। দ্বিতীয় বছরেই শতাধিক শিক্ষার্থী ভর্তি হয়। পরবর্তী পরীক্ষায় শিক্ষার্থীদের ফলাফল ছিল প্রায় শতভাগ পাসের কাছাকাছি।
এরপর প্রতিষ্ঠানটির অগ্রযাত্রা দ্রুত বিস্তৃত হতে থাকে। অল্প সময়ের মধ্যেই আল আমিন একাডেমী চাঁদপুর জেলার অন্যতম শীর্ষ শিক্ষাপ্রতিষ্ঠানে পরিণত হয়। কুমিল্লা শিক্ষা বোর্ডের মেধাতালিকায় চতুর্থ, ষষ্ঠ, অষ্টম ও নবম স্থান অর্জনের মতো গৌরবোজ্জ্বল সাফল্য আসে।
প্রতিবছর অসংখ্য শিক্ষার্থী সরকারি মেডিকেল কলেজ, প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেত।
এমনও হয়েছে, আসনসংখ্যা ও অন্যান্য সীমাবদ্ধতার কারণে প্রতিষ্ঠানের সব যোগ্য শিক্ষার্থীকে ভর্তির সুযোগ দেওয়া সম্ভব হয়নি। অনেক শিক্ষার্থীকে চাঁদপুর সরকারি কলেজ কিংবা মহিলা কলেজে ভর্তির পরামর্শ দিতে হয়েছে। কেউ কেউ পছন্দের প্রতিষ্ঠানে ভর্তি হতে না পেরে কান্নায় ভেঙে পড়েছে।
সেই সময়ের অভিজ্ঞতা আজও মনে করিয়ে দেয়, একটি প্রতিষ্ঠানের সাফল্য শুধু ভালো ফলাফলের মধ্যে সীমাবদ্ধ নয়; বরং শিক্ষার্থীদের স্বপ্ন পূরণের পথ তৈরি করাই একটি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রকৃত অর্জন।
২০২৬ সালের ফলাফল বিপর্যয়: সমস্যার গভীরে যেতে হবে
বর্তমান ফলাফল পরিস্থিতি বিশ্লেষণ করতে গিয়ে কয়েকটি মৌলিক বিষয় গুরুত্বের সঙ্গে বিবেচনা করা প্রয়োজন।
১. শিক্ষার ভিত্তি দুর্বল হয়ে পড়া:প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের বাংলা, ইংরেজি, গণিত ও বিজ্ঞানের মৌলিক দক্ষতা যথাযথভাবে তৈরি না হলে উচ্চমাধ্যমিক পর্যায়ে ভালো ফলাফল প্রত্যাশা করা কঠিন।
২. পাঠদানের মান ও শ্রেণিকক্ষের বাস্তবতা:শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের অংশগ্রহণ, নিয়মিত পাঠদান, বিষয়ভিত্তিক প্রস্তুতি এবং শিক্ষকের জবাবদিহি নিশ্চিত করা না গেলে কাঙ্ক্ষিত শিক্ষার মান অর্জিত হয় না।
৩. মুখস্থনির্ভর শিক্ষাব্যবস্থা:কেবল পরীক্ষায় নম্বর পাওয়ার জন্য পড়াশোনা করলে প্রকৃত জ্ঞান ও দক্ষতা তৈরি হয় না। সৃজনশীল চিন্তা, বিশ্লেষণ, সমস্যা সমাধান এবং প্রয়োগভিত্তিক শিক্ষার ঘাটতি ফলাফলে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।
৪. শিক্ষার্থীদের নিয়মিত মূল্যায়নের অভাব: অনেক ক্ষেত্রে চূড়ান্ত পরীক্ষার আগে শিক্ষার্থীর দুর্বলতা শনাক্ত করার কার্যকর উদ্যোগ থাকে না। ফলে পরীক্ষার সময় সমস্যাগুলো প্রকট হয়ে ওঠে।
৫. শিক্ষকের পেশাগত উন্নয়নে ঘাটতি: পরিবর্তিত পাঠ্যক্রম, প্রশ্নপদ্ধতি ও আধুনিক শিক্ষণ কৌশলের সঙ্গে শিক্ষকদের নিয়মিত পরিচিত করা জরুরি।
৬. অভিভাবক ও প্রতিষ্ঠানের সমন্বয়ের অভাব: শিক্ষার্থীর উপস্থিতি, পড়াশোনার অগ্রগতি, মানসিক প্রস্তুতি ও আচরণগত পরিবর্তন সম্পর্কে অভিভাবক এবং প্রতিষ্ঠানের মধ্যে নিয়মিত যোগাযোগ থাকা প্রয়োজন।
৭. প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনায় দুর্বলতা: যোগ্য নেতৃত্ব, সঠিক পরিকল্পনা, শিক্ষকদের সমন্বিত প্রচেষ্টা এবং ফলাফল পর্যালোচনার অভাব একটি প্রতিষ্ঠানের শিক্ষার মানকে প্রভাবিত করতে পারে।
উত্তরণের উপায়: অতীতের অভিজ্ঞতা থেকে ভবিষ্যতের পরিকল্পনা
শিক্ষার মানোন্নয়নে শুধু ফলাফল প্রকাশের পর আলোচনা কিংবা দায় চাপানোর সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে হবে। প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানকে নিজস্ব সমস্যা চিহ্নিত করে পরিকল্পিতভাবে এগিয়ে যেতে হবে।
১. শিক্ষার্থীর মান অনুযায়ী ভর্তি ও প্রাথমিক মূল্যায়ন:ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর পূর্ববর্তী শিক্ষাগত অবস্থান যাচাই করতে হবে। তবে দুর্বল শিক্ষার্থীকে বাদ দেওয়া নয়, বরং তার দুর্বলতা চিহ্নিত করে বিশেষ পরিচর্যার ব্যবস্থা করতে হবে।
২. বিষয়ভিত্তিক বিশেষ ক্লাস:বাংলা, ইংরেজি, গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে দুর্বল শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত সহায়তামূলক ক্লাস চালু করতে হবে।
৩. নিয়মিত পরীক্ষা ও ফলাফল বিশ্লেষণ:মাসিক পরীক্ষা, অধ্যায়ভিত্তিক মূল্যায়ন এবং নির্বাচনী পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর অগ্রগতি পর্যালোচনা করতে হবে। শুধু নম্বর প্রকাশ নয়, প্রতিটি শিক্ষার্থীর দুর্বলতার কারণ নির্ণয় করতে হবে।
৪. শিক্ষকদের জবাবদিহি ও প্রশিক্ষণ:শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণ, পাঠ পরিকল্পনা, ক্লাস পর্যবেক্ষণ এবং বিষয়ভিত্তিক ফলাফল বিশ্লেষণের ব্যবস্থা থাকতে হবে।
৫. শিক্ষার্থী-শিক্ষক অনুপাতের ভারসাম্য:শ্রেণিকক্ষে শিক্ষার্থীর সংখ্যা এমন পর্যায়ে রাখতে হবে, যাতে শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর প্রতি যথাযথ মনোযোগ দিতে পারেন।
৬. অভিভাবক সমাবেশ ও কাউন্সেলিং:নির্দিষ্ট সময় পরপর অভিভাবকদের সঙ্গে মতবিনিময় করতে হবে। অনুপস্থিতি, পড়াশোনায় অমনোযোগ ও পরীক্ষাভীতি দূর করতে প্রয়োজনীয় পরামর্শ দিতে হবে।
৭. মেধাবী ও পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য পৃথক পরিকল্পনা:মেধাবীদের উচ্চতর প্রস্তুতির পাশাপাশি পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য বিশেষ সহায়তা নিশ্চিত করতে হবে। কাউকে অবহেলা করা যাবে না।
৮. শিক্ষাপ্রতিষ্ঠানের নেতৃত্বে দূরদর্শিতা:প্রতিষ্ঠান পরিচালনায় শিক্ষার মানকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। রাজনৈতিক, ব্যক্তিগত কিংবা অন্য কোনো অপ্রাসঙ্গিক প্রভাব থেকে শিক্ষার পরিবেশকে মুক্ত রাখতে হবে।
৯. উচ্চশিক্ষা ও ক্যারিয়ার পরিকল্পনা: শিক্ষার্থীদের শুধু এইচএসসি পরীক্ষার জন্য নয়, মেডিকেল, প্রকৌশল, বিশ্ববিদ্যালয় এবং ভবিষ্যৎ কর্মজীবনের উপযোগী করে গড়ে তুলতে হবে।
১০. ফলাফলভিত্তিক জবাবদিহি ও গবেষণা: শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠানপ্রধান ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রতিবছর ফলাফলের তুলনামূলক বিশ্লেষণ করতে হবে। কোন বিষয়ে কেন শিক্ষার্থীরা পিছিয়ে পড়ছে, তা তথ্য-উপাত্তের ভিত্তিতে নির্ণয় করতে হবে।
আল-আমিনের অভিজ্ঞতা আমাদের কী শিক্ষা দেয়?
আল-আমিন একাডেমীর কলেজ শাখার শুরুর দিনের অভিজ্ঞতা থেকে একটি বিষয় স্পষ্ট–একটি প্রতিষ্ঠানের সাফল্যের জন্য শুধু অবকাঠামো কিংবা নাম-পরিচিতি যথেষ্ট নয়। প্রয়োজন দূরদর্শী নেতৃত্ব, যোগ্য শিক্ষক, মানসম্মত শিক্ষার্থী গড়ার পরিকল্পনা, শিক্ষকদের সম্মিলিত প্রচেষ্টা এবং শিক্ষার্থীদের প্রতি আন্তরিক দায়বদ্ধতা।
একটি নতুন প্রতিষ্ঠানও সঠিক পরিকল্পনা ও কার্যকর উদ্যোগের মাধ্যমে অল্প সময়ে সাফল্যের শীর্ষে পৌঁছাতে পারে। আবার একসময়ের সেরা প্রতিষ্ঠানও যথাযথ পরিকল্পনা ও মান নিয়ন্ত্রণের অভাবে পিছিয়ে পড়তে পারে।
তাই ২০২৬ সালের এইচএসসি ফলাফল নিয়ে আত্মসমালোচনা জরুরি। একই সঙ্গে প্রয়োজন দোষারোপের পরিবর্তে বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা।
আমাদের মনে রাখতে হবে, পরীক্ষার ফলাফল শিক্ষার একটি সূচক মাত্র; শিক্ষার চূড়ান্ত উদ্দেশ্য হলো জ্ঞান, দক্ষতা, নৈতিকতা, মানবিক মূল্যবোধ ও যোগ্য নাগরিক তৈরি করা।
সুতরাং, এইচএসসি ফলাফল বিপর্যয়কে একটি সতর্কবার্তা হিসেবে গ্রহণ করে এখনই শিক্ষাব্যবস্থার দুর্বলতা চিহ্নিত করতে হবে। শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ ও শিক্ষা প্রশাসন–সব পক্ষকে সমন্বিতভাবে এগিয়ে আসতে হবে।
অতীতের সাফল্যের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে বর্তমানের সংকট মোকাবিলা করতে পারলেই আবারও ফিরবে শিক্ষার গৌরব, শিক্ষার্থীদের আত্মবিশ্বাস এবং বাংলাদেশের উচ্চমাধ্যমিক শিক্ষার কাঙ্ক্ষিত মান।
লেখক পরিচিতি : মোঃ মকবুল হোসেন, প্রাক্তন প্রিন্সিপাল ইনচার্জ, আল-আমিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজ, চাঁদপুর।
প্রাক্তন অধ্যক্ষ, আতাউর রহমান ভূঁইয়া কলেজ, সোনাইমুড়ী, নোয়াখালী।
প্রাক্তন অধ্যক্ষ, দি ব্রহ্মপুত্র স্কুল অ্যান্ড কলেজ, নান্দাইল, ময়মনসিংহ।
প্রাক্তন সহকারী অধ্যাপক, চান্দ্রা ইমাম আলী হাই স্কুল অ্যান্ড কলেজ, ফরিদগঞ্জ, চাঁদপুর।

চার মহাদেশে চার নির্বাচন যে বার্তা দিচ্ছে

সালেহ উদ্দিন আহমদ

গত চার সপ্তাহে চার মহাদেশের চার দেশে জাতীয় নির্বাচন হয়ে গেল। এই নির্বাচনগুলো অনেক নতুন খবরের জন্ম দিয়েছে।
প্রতিটি দেশের নির্বাচন সেই দেশের জনগণের আশাআকাঙ্ক্ষাকে তুমুলভাবে জানিয়ে দিয়েছে।
এই চার দেশের ভৌগোলিক অবস্থান, ভোটের ধরন ও রাজনীতি অনেকভাবে ভিন্ন। তবে আজকালকার যুগে এক দেশের জনগণের আশা-আকাঙ্ক্ষা ও সাফল্য-বিফলতা অন্য দেশেও ছায়া ফেলে।
আমরা এই চার দেশের জাতীয় নির্বাচনের ফলাফল নিয়ে আলোচনা করে দেখতে পারি ভূরাজনীতির নতুন যুগে কীভাবে বিশ্ব জনমত গঠিত হচ্ছে এবং এক দেশের রাজনৈতিক অবস্থা অন্য দেশের নির্বাচনে কী প্রভাব ফেলে।
ইউরোপের সার্বিয়ার নির্বাচন কি ইউরোপের অন্যান্য দেশে জেন-জি আন্দোলনের সাফল্যের পূর্বাভাস দিচ্ছে?
দক্ষিণ আমেরিকার ডানপন্থী রাজনীতিকে অগ্রাহ্য করে ব্রাজিলের লুলার পুনর্নির্বাচন কি ট্রাম্পের আগ্রাসনের বিরুদ্ধে সরব প্রতিবাদ?
এশিয়ায় ইসরায়েলের নির্বাচন কি নেতানিয়াহুর ৩০ বছরের যুদ্ধনীতিতে ইসরায়েলিদের অতিষ্ঠ হওয়ার লক্ষণ? ৩ নভেম্বরের আমেরিকার নির্বাচনে মানুষ কি ‘ট্রাম্প ফার্স্ট’-এর বিরুদ্ধে ভোট দিয়েছে?
এই সব প্রশ্নগুলোর উত্তর হয়তো সহজ ‘হাঁ’ বা ‘না’-তে দেওয়া যাবে না। তবে উত্তরগুলো খুঁজে দেখলে বিশ্বের বিভিন্ন প্রান্তে মানুষের চাওয়া-পাওয়ার কিছু সাধারণ সূত্র আমরা খুঁজে পেতে পারি।
যুক্তরাষ্ট্র: ট্রাম্পের বেলুন ধপাস করে পড়ে গেল
৩ নভেম্বর হয়ে গেল যুক্তরাষ্ট্রের মধ্যবর্তীকালীন সাধারণ নির্বাচন। সারা বিশ্বে যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক নির্বাচন দারুণ চাঞ্চল্য সৃষ্টি করেছে। ট্রাম্পের বেলুন গত দুই বছর শুধু ওপরেই উঠছিল, এই নির্বাচনে তা ধপাস করে নিচে পড়ে গেল।
তবে এতে আশ্চর্যের কিছু ছিল না। কয়েক সপ্তাহ ধরেই যুক্তরাষ্ট্রের বিভিন্ন জনমত জরিপ রিপাবলিকান দলের এই ভরাডুবির পূর্বাভাস দিয়ে আসছিল।
নির্বাচনে ট্রাম্প ও তাঁর দলের চূড়ান্ত ভরাডুবি হয়েছে। ডেমোক্র্যাটরা সিনেটের ১০০ আসনের মধ্যে ৫৪ আসনে জয়লাভ করেছে। নিম্ন পরিষদ কংগ্রেসে তারা ৪৩৫ আসনের মধ্যে ২৫৩ আসনে বিজয়ী হয়েছে।
এই নির্বাচন এমন সব খবরের জন্ম দিয়েছে, যা আলোচনা করতে গেলে বেশ কয়েকটা কলামের প্রয়োজন হবে। টেক্সাস যুক্তরাষ্ট্রের বড় একটা অঙ্গরাজ্য।
যে টেক্সাসকে রিপাবলিকানদের দুর্গ বলে মনে করা হতো, সেখানে কংগ্রেস, সিনেট এবং গভর্নর সর্বত্রই তাদের সিংহাসন ভেঙে পড়েছে।
কানসাস অঙ্গরাজ্যে গত এক শ বছরে এই প্রথম একজন ডেমোক্র্যাট সিনেটর নির্বাচিত হলেন।
যুক্তরাষ্ট্রের রাজনৈতিক মানচিত্রে যেসব অঙ্গরাজ্য লাল রঙে রিপাবলিকানদের জন্য সংরক্ষিত করে রাখা হতো, সেগুলোও এবারের নির্বাচনে নীলের প্লাবনে ভেসে গিয়েছে।
এই নির্বাচনে রিপাবলিকানদের হারার কারণ নিয়ে অনেকে অনেক কথা বলেছেন। কেউ বলেছেন ইরান যুদ্ধ, কেউ বলেছেন কানাডার মতো বন্ধু দেশগুলোর সঙ্গে বাণিজ্যযুদ্ধ, আবার কেউবা বলেছেন জিনিসপত্রের মূল্যবৃদ্ধি।
এগুলোর সবই হয়তো ঠিক, তবে এত সব ব্যবচ্ছেদ না করে, সংক্ষেপে বলা যায়–ট্রাম্পের জন্যই তারা হেরেছে।
যুক্তরাষ্ট্রের জনগণের ধৈর্যশক্তি প্রবল। অন্য অনেক দেশের মতো এখানে কথায় কথায় জনগণ রাস্তায় নেমে প্রতিবাদ জানাবে না বা প্রবল কোনো দাঙ্গাহাঙ্গামা করবে না।
যুক্তরাষ্ট্রে প্রতিবাদের মোক্ষম অস্ত্র হলো নির্বাচন। আর তারা ভোটের মাধ্যমে ট্রাম্পের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে দিল, এটাকে বলা যায় ভোটবিপ্লব।
এই আন্দোলনে যুক্তরাষ্ট্রের তরুণ সমাজ খুব সক্রিয়ভাবে অংশ নিয়েছে প্রগতিশীলদের নির্বাচিত করতে।
সব বাধা অতিক্রম করে, এই প্রথম যুক্তরাষ্ট্র পেল একজন মুসলমান সিনেটর–ড. আবদুল আল-সাইয়েদ। তাঁর নির্বাচন সহজ ছিল না। কিন্তু তাঁকে নির্বাচিত করে মিশিগানের জনগণ তাঁর প্রগতিশীল ভাবধারা এবং ইসরায়েলের গণহত্যার বিরুদ্ধে প্রতিবাদকে খুব বড়ভাবে সমর্থন জানিয়েছে।
আমেরিকাতে শেষ পর্যন্ত ট্রাম্পের ‘আমেরিকা ফার্স্ট’ মুখোশ খুলে পড়েছে। জনগণ বিপুলভাবে ট্রাম্পের ‘ট্রাম্প ফার্স্ট’ নীতিকে প্রত্যাখ্যান করেছে।
ডেমোক্রেটিক পার্টির বেশ কয়জন নির্বাচিত কংগ্রেস সদস্য খোলাখুলিভাবে ট্রাম্প ও তাঁর সরকারের কয়জন সদস্যকে ইমপিচমেন্ট বা অভিশংসনের কথা বলেছেন।
পরবর্তী দুই বছর ট্রাম্পকে আরও সতর্কভাবে কাজ করতে হবে, নতুবা তিনি নিজের জন্য আরও বড় বিপদ ডেকে আনতে পারেন!
ইসরায়েল: পরিবর্তন শুধু নামে
যুক্তরাষ্ট্রের নির্বাচনের ঠিক আগে গত ২৭ অক্টোবর ইসরায়েলে হয়ে গেল সাধারণ নির্বাচন।
সাধারণত ইসরায়েলের জনগণ মূলত সেই সরকারকে পছন্দ করে, যারা ফিলিস্তিনি জনগণের অধিকার বঞ্চিত করে তাদের জন্য নতুন ভূমি দখল করতে পারে।
তবে এবার তার সঙ্গে যোগ হয়েছে ইসরায়েলিদের নিজেদের নিরাপত্তা। ইরানের সঙ্গে যুদ্ধের সময় তাদের অনবরত বোমা হামলার সম্মুখীন হতে হয়েছিল।
প্রতিদিন বোমা আশ্রয়স্থল কেন্দ্রে দৌড়াতে দৌড়াতে তারা ক্লান্ত। নেতানিয়াহু ইসরায়েলকে ৩০ বছর ধরে শুধু যুদ্ধের দিকে ঠেলে দিয়েছেন। সব মিলিয়ে এবার নির্বাচনে ইসরায়েলিদের মনে হয়েছে কিছুটা বিভ্রান্ত।
যদিও এই নির্বাচনে নেতানিয়াহুর কট্টরপন্থী জোট সংখ্যাগরিষ্ঠতা হারিয়েছে, তবে এটাও সম্ভবত বলা যেতে পারে, ইসরায়েলি জনগণ সম্ভবত নেতানিয়াহুকে একদম ছেড়ে দিতেও রাজি নয়।
এই বছরের নির্বাচনে ইসরায়েলিরা দারুণভাবে দ্বিচারিতায় ছিল। তারা পরিবর্তন চেয়েছিল, কিন্তু নির্বাচনে এমন কোনো বিকল্প ছিল না যে যাদের ভোট দিয়ে তারা নিজেদের জন্য নিরাপত্তা ও শান্তি প্রতিষ্ঠিত করতে পারবে।
নির্বাচনের পূর্বে জনমত যাচাইয়ে নেতানিয়াহুর দলের অবস্থা ছিল খুবই শোচনীয়। নির্বাচনের মাত্র তিন দিন আগে প্রেসিডেন্ট ট্রাম্প নেতানিয়াহুকে সমর্থন জানিয়ে বার্তা দেন।
ট্রাম্পের সমর্থনই কি নেতানিয়াহুকে নির্বাচনে পুরোপুরি ভরাডুবি থেকে রক্ষা করেছে? ট্রাম্প তো তাই মনে করেন, ট্রাম্প নির্বাচনে প্রধানমন্ত্রী বেঁনিয়ামিন নেতানিয়াহুর কিছুটা ঘুরে দাঁড়ানোর কৃতিত্ব নিজের বলে দাবি করেছেন।
তিনি বলেছেন, তাঁর সমর্থনই নির্বাচনের মোড় ঘুরিয়ে দিয়েছে। ট্রাম্পের কথা সত্যও হতে পারে, কারণ এখনো বিপুলসংখ্যক ইসরায়েলি ট্রাম্পকে তাদের ত্রাণকর্তা মনে করে।
যদিও নেতানিয়াহুবিরোধীদের মধ্যপন্থী দল বলা হয়, তবে তাদের নীতিতে মধ্যপন্থা খুঁজে পাওয়া যাবে না। বিরোধী নেতা গাদি আইজেনকটকে বলা যায় ফিলিস্তিনি ইস্যুতে নেতানিয়াহুর মতোই কট্টরপন্থী।
গাদি আইজেনকট বলেছেন, ‘ফিলিস্তিন ইস্যুতে আমার অবস্থান সর্বদাই অপরিবর্তিত রয়েছে: দুই জাতির জন্য দুই রাষ্ট্রের নীতিটি একটি ভুল।’ শুধু বলা যায় গাদি আইজেনকট নেতানিয়াহু নন, হয়তো ক্ষমতায় এলে তিনি আরও বাস্তববাদী ও নমনীয় হবেন।
মনে করা হচ্ছে, ইসরায়েলের প্রেসিডেন্ট আইজ্যাক হারজগ সম্ভবত শিগগির বিরোধী দলের নেতা গাদি আইজেনকটকে সরকার গঠন করার জন্য ডাকবেন।
কারণ, নেসেটের ১২০ জন সদস্যের মধ্যে তাঁকে প্রধানমন্ত্রী করার জন্য ৬৭ সদস্যের সমর্থন রয়েছে; তার মধ্যে রয়েছে ১৯ জন ইসরায়েলি আরব সদস্য।
গাদি আইজেনকট তাঁদের সরকারে নিতে অস্বীকৃতি জানিয়েছেন। তবে তাঁরা বাইরে থেকে সরকারকে সমর্থন দেবেন, কারণ তাঁরাও চান নেতানিয়াহুকে হটাতে।
তবে এটাও বলে রাখা ভালো যে ইসরায়েলের এই জগাখিচুড়ির সরকার যে তত দিন টিকবে তার কোনো নিশ্চয়তা নেই।
নেতানিয়াহু ঘাপটি মেরে বসে রয়েছেন পরবর্তী সুযোগের অপেক্ষায়। গত তিন দশকে নেতানিয়াহু অনেকবার ডুবে গিয়েও আবার ভেসে উঠেছেন। এবার কি তার ব্যতিক্রম হবে? তা জানতে আমাদের আরও অপেক্ষা করতে হবে।
যুক্তরাষ্ট্রে নির্বাচনের আগের দিন ট্রাম ঘোষণা করেছেন যুক্তরাষ্ট্র ২০২৬ সালের ডিসেম্বরের পর ইসরায়েলকে দেওয়া বার্ষিক ৪ বিলিয়ন ডলার বন্ধ করে দেবে।
কংগ্রেসে ডেমোক্র্যাট প্রগতিশীলদের বিরাট জয় আঁচ করতে পেরেই হয়তো প্রেসিডেন্ট ট্রাম্প এই সিদ্ধান্ত ঘোষণা করেছেন। তবে এটা ইসরায়েলে দারুণভাবে আতঙ্ক সৃষ্টি করেছে।